

সুকথা



সুকথা

শ্রীদীনেশচন্দ্র সেন-প্রণীত

কলিকাতা

২১।৩ শান্তিরাম ঘোষের ষ্ট্রীট, বাগবাজার "বিশ্বকোষ-প্রেসে" শীরাধানচন্দ্র মিত্র ধারা মুক্তিত।

প্রথম সংস্করণ

>ना जागहे, ১৯১२

প্রকাশন শ্রী**অতুলচন্দ্র চ**ক্রবর্ত্তী

অতুল-লাইব্রেরী, ঢাকা।

মেহাস্পদ

গ্রীমান বিনয়চন্দ্র সেনকে

এই পুস্তকখানি দিয়া আশীর্কাদ করিলাম।

ञीमोरनमञ्च तम् ।

তাহার জন্মতিথি উপলক্ষে



স্থূচী

বিষয়

١ د	মাতৃগুপ্ত	•••	•••	>
२ ।	সূৰ্য্য স্থপতি		•••	28
01	যশস্করের বিচার		•••	২৬

... 80

309

৪। আওরজজেব ও তাঁহার শিক্ষক
 ৫। দিগম্বর সায়্যাল

। হরিহর বাইতি ··· ···

 । এ দেশের প্রাচীন আদর্শ ···
 ও রামকৃষ্ণ পরম হংস



সুকথা

মাতৃগুপ্ত

পুরাকালে উজ্জায়নী নগরে হর্ষবিক্রমাদিত্য নামে এক প্রবল-পরাক্রান্ত
-রাজা ছিলেন। তিনি শকদিগকে পরাজয় করাতে 'শকারি বিক্রমাদিত্য'নামেও
পরিচিত হইয়া থাকেন। মহারাজ হর্ষের
সভায় শীতৃগুপু নামক তৎকালপ্রাসিদ্ধ
কবি উপস্থিত হইয়া রাজপ্রসাদাকাঞ্জী
হইলেন। মাতৃগুপু শুনিয়াছিলেন ভারতীয় আর কোন রাজা হর্ষের তায় গুণ-

বানের আদর করিতে জানিতেন না।
উক্সরিনীর রাজসভা পণ্ডিতমগুলীর
কাব্যালাপে নিত্য মুখরিত ছিল। রাজা
সর্বগুণের আধার, তাঁহার তোষামোদপ্রিয়তা ছিল না; কোন যোগ্য ব্যক্তি
তাঁহার সভায় পুরস্কার হইতে বঞ্চিত
হইত না এবং রাজা কথনই কোন
কুমন্ত্রীর পরামর্শ গ্রহণ করিতেন না।
মাতৃগুপ্ত এইরূপ রাজসভার সংশ্রাবে
আসিয়া আপনাকে ধন্য মনে করিলেন।

কুমন্ত্রীর পরামর্শ গ্রহণ করিতেন না।
মাতৃগুপ্ত এইরূপ রাজসভার সংশ্রবে
আসিয়া আপনাকে ধন্য মনে করিলেন।
মাতৃগুপ্তের কবিত্বের যশঃ সেই সময়
দেশময় ব্যাপ্ত ছিল। তথাপি তিনি
এরূপ নিরভিমান ও বিনীত ছিলেন যে,
তিনি পপ্তিতগণের সঙ্গে একত্র উপবেশন
না করিয়া রাজাদেশপ্রতীক্ষায় সভার এক
নিভ্ত কোণে আসন গ্রহণ করিতেন।
রাজা অল্প সময়ের মধ্যেই কবির বিবিধ
গুণের একাস্ত পক্ষপাতী হইয়া পড়িলেন,

কিন্তু তিনি ভাল করিয়া পরীক্ষা করিবার অভিপ্রায়ে মাতৃগুপ্তের প্রতি আপাততঃ কোন অন্তগ্রহ প্রদর্শন করিলেন না। দিনের পর দিন যাইতে লাগিল, মাতগুপ্ত দর্বদা ছায়ার ভায় প্রভুর অনুগমন করিতে লাগিলেন। রাজপ্রদাদ না পাইয়া তিনি ক্ষুণ্ণ হইলেন না, প্রত্যহ তিনি অনাডম্বরে রাজাজ্ঞা প্রতিপালন-পূর্বক দীনভাবে তথায় অবস্থান করিতে লাগিলেন। রাজদেষী নিন্দকগণের সঙ্গে তিনি ভ্রমেও আলাপ করিতেন না। -কোন অশিষ্ট আলাপ শুনিলে তিনি তথা হইতে উঠিয়া যাইতেন : রাজার বিরুদ্ধে কেহ কিছু বলিলে তিনি তাহা রাজার কর্ণে তুলিতেন না। তাঁহার অপুরস্কৃত, স্থির এবং অবিচলিত রাজভক্তিদ**র্শ**নে রাজভূত্যগণ তাঁহাকে নানারূপ ঠাট্টা বিজ্ঞপ করিত, কিন্তু তদ্বারা তিনি কিছু মাত্র বিচলিত হইতেন না। কোন ব্যক্তির গুণের পরিচয় পাইলে তিনি অক্সিত চিত্তে তাহার প্রশংসা করিতেন, এবং কোন প্রকার অনুগ্রহ না পাইয়াও কর্ত্তব্য কর্ম্মে কিঞ্চিন্মাত্র শিথিলতা প্রদর্শন করিতেন না।

একদা গৃহ হইতে নিজ্ঞান্ত হইবার
সময় মাতৃগুপ্তের প্রতি রাজার দৃষ্টি নিপতিত হইল; অনাহারে কবির দেহ শীর্ণ
ইইয়াছিল, একখানি মলিন ও ছিম বস্ত্রে
তাঁহার অঙ্গু আরুত ছিল, অথচ তৎপ্রতি
তাঁহার দৃক্পাত নাই; প্রভুর আদেশের
জন্ম তিনি স্থিরভাবে প্রতীক্ষা করিতেছেন। মাতৃগুপ্তের অবস্থা দেখিয়া রাজার
চক্ষু অঞ্চপূর্ণ ইইল, তিনি নিজকে ধিকার
দিয়া ভাবিতে লাগিলেন,—এই পরম
যোগ্য ব্যক্তিকে পরীক্ষা করিবার উদ্দেশ্যে
আমি কতানা কই দিতেছি! শীত্রীস্থে

ই হার শরীর অনারত, অনাহারে শরীর শীর্ণ, রোগ হইলে কে ইহাকে চিকিৎসা করে ? আমি ইঁহার প্রতি কোন যত্ন প্রদর্শন করি নাই। অনুতপ্ত হৃদয়ে রাজা কবিকে পুরস্কৃত করিবার উপায় চিন্তা করিতে লাগিলেন, কিন্তু তৎকালে ভাবিয়া চিন্তিয়া কি পুরস্কার দিবেন, তাহা স্থির করিয়া উঠিতে পারিলেন না। এই ভাবে আরও ছয় মাদ কাটিয়া গেল। তখন শীতকাল উপস্থিত হইয়াছে, উজ্জায়নীর বিহগকুল শৈত্যাধিক্যে পক্ষপুট গুন্ধিত · করিয়া রক্ষশাখায় নীরব হইয়া গিয়াছে। যব-গোধুমাচ্ছন প্রান্তরবাহী, নদীনীরসিক্ত বায়ুপ্রবাহে নৈশ আকাশ ঈষ্ৎ কম্পিত। উজ্জ্য়িনীর অধিবাদীরা নানারূপ উষ্ণ বস্ত্রে অঙ্গ আরত করিয়া দারুণ নৈশ বায় হইতে আত্মরক্ষা করিতেছে। এইরূপে এক রাত্রিতে রাজা হর্ষদেবের

নিদ্রাভঙ্গ হইয়া গেল, তখন তৈলাভাবে গহদীপ নির্বাণোম্মখ, রাজা তাঁহার প্রহরি-গণকে সেই দীপে তৈলনিযেকের জন্ম আহ্বান করিলেন, কিন্তু শৈত্যাধিক্যে প্রহরিগণ গাঢ নিদ্রার বশবর্তী হইয়াছিল। "বাহিরে কে আছ ?" এই প্রশ্নের উত্তরে রাজা শুধু শুনিতে পাইলেন,—"আমি মাতৃগুপ্ত।" তথন আদেশপ্রাপ্ত হইয়া বিচিত্ররূপে সজ্জিত রাজার স্থরম্য শয়ন-প্রকোষ্ঠে মাতৃগুপ্ত প্রবেশ করিলেন, এবং তৈলনিষেকে দীপটি প্রজলিত করিয়া দিলেন। "কত রাত্রি হইয়াছে" রাজা জিজ্ঞাদা করাতে মাতৃগুপ্ত বিনীতভাবে জানাইলেন, রাত্রি প্রভাতের আর এক প্রহর মাত্র বাকী আছে। রাজা বলি-লেন,—"তুমি কিরূপে তাহা জানিলে? তুমি কি রাত্রিতে ঘুমাও নাই ?" স্লযোগ পাইয়া মাত্ত্তপ্ত তথনই একটি কবিতা

ঘারা স্বায় অবস্থা জ্ঞাপন করিলেন—ভাহার করুণ ছন্দঃ রাজার হৃদয় নিরতিশয় ব্যথিত করিল। তিনি তাঁহাকে কয়েকটি শাস্থনার কথা বলিয়া বিদায় দিলেন, কিন্তু তাঁহার যোগ্যতা ও অভাবের পরিচয় পাইয়াও এতদিন তাঁহার প্রতি কোনরূপ ব্যবস্থা করেন নাই, এই জন্ম রাজার মনে তার অমুতাপ উপস্থিত হইল।

এই সময় কাশ্মীর রাজসিংহাসন
শৃন্ত ছিল, এবং কাশ্মীরবাসীরা মহারাজ
হর্ষকে তথাকার রাজা নির্বাচন করিয়া
'দিবার জন্ত অন্তরোধ করিয়াছিলেন। রাজা
মাত্গুপুকেই এই পদের সর্বতোভাবে
যোগ্য মনে করিলেন এবং সেই রাজেই
স্বয়ং উঁলোগী হইয়া রাজদূত প্রেরধপূর্বক কাশ্মীরে সংবাদ পাঠাইলেন যে,
মাত্গুপ্ত নামক জনৈক গুণবান্ পুরুষকে
তিনি কাশ্মীরের রাজসিংহাসনের উপস্কুক্ত

মনে করিয়াছেন। উক্ত মহাত্ম। তাঁহার
আদেশপত্র লইয়া উপস্থিত হইলে যেন
তাঁহাকেই অভিষিক্ত করা হয়। আদেশপত্রথানিও সেই রাত্রেই প্রস্তুত করাইলেন এবং তৎপরে নিদ্রার্থ শয়নপ্রকোঠে
পুনঃপ্রবেশ করিলেন।

এদিকে মাতৃগুপ্ত ভাবিলেন, রাজা তাঁহার জঃখমোচনের কোনই ব্যবস্থা করিলেন না। জাঁহার মন কতকটা নিরাশ হইল, কিন্তু তিনি এই ভাবিয়া আশ্বস্ত হইলেন যে, কর্ত্তব্যকর্ম অবিচলিত ভাবে সাধন করিলে যে আত্মতুপ্তি লাভ হয়, তাহাই তাঁহার প্রাপ্য এর তাহা হইতে কেহ তাঁহাকে বঞ্চিত করিতে পারিবে না। সময় হইলে ঈশ্বর আমাকে পুরস্কৃত করিবেন, কিন্তু আমি তজ্জ্য প্রতীক্ষা করিয়া উপস্থিত কর্ত্তব্য অবহেলা করিব না। তুঃখের ভাবকে হৃদয়মধ্যে

উপেক্ষা করিয়া কর্ত্তব্যনিষ্ঠ অধ্যবসায়ের ' সহিত পরদিন আবার তাঁহার কার্য্যে নিযুক্ত হইলেন।

রাজসভা হইতে এই সময় দৃত
আসিয়। তাঁহাকে রাজসমিধানে লইয়।
গেল। রাজা বিচারকবেশে সিংহাসনে
উপবিক্ট ছিলেন, তিনি মাতৃগুপ্তকে
দেখিয়া সেই আদেশ-লিপিখানি তাঁহার
হস্তে দিয়া বলিলেন, "তুমি এখনই
কাশ্মারাভিমুখে যাতা কর, কিন্তু সাবধান!
এই পত্রখানি খুলিয়া পড়িও না, কাশ্মীর•রাজ্যের শাসনভারপ্রাপ্ত রাজকর্ম্মচারীর
হস্তে এই পত্রখানি প্রদান করিও।"

চারিদিকে লোক কাণাকাণি করিতে
লাগিল, রাজা মাতৃগুপ্তের প্রতি কোন
স্থবিচারই করিলেন না, এত কই দিয়াও
রাজা ইহার প্রতি সদয় হইলেন না,

এথন কি না অতি হীন প্রবাহকের

কার্য্যে ইহাকে নিযুক্ত করিলেন। ইহার এই অসামাত্ত পাণ্ডিত্য ও প্রভুতক্তির কোন পুরস্কারই হইল না।

মাতৃগুপ্ত সেই সকল সহাকুভৃতি-ব্যঞ্জক কথায় কর্ণপাত করিলেন না। যে সকল আদর ও প্রশংসায় লোকের বুদ্ধি-দ্রুংশ বা কর্ত্তব্যচুতি ঘটিতে পারে, তাহা তিনি উপেক্ষা করিতেন। দৃঢ় সংকল্পা-রুচ় কবি দীনবেশে কাশ্মীরাভিমুখে প্রস্থান করিলেন।

কিয়ৎকাল পথ পর্য্যটন করিবার পর
কাশ্মীরসীমায় স্থান্তর্গগনাবলম্বা খেতমেঘমালার ন্যায় হিমাদ্রিশিথ তাঁহার
দৃষ্টিপথে পতিত হইল। কথনও বা
শৈলশৃঙ্গ সূর্য্যকিরণে নানা বর্ণে উজ্জ্বল
হইয়া দূরব্যাপী স্বর্ণকিরীটের শোভা
ধারণপূর্বক তাঁহার নেত্র রঞ্জন করিতে
লাগিল; হিমাল্যের বিচিত্র উদ্ভিদ-

সম্পদ্ নাট্যশালার দৃশ্যপটের স্থায় তাঁহার সম্মুথে উদ্রাসিত হইল এবং স্থগন্ধ দেব-দারুবাহিত নদীনীরসিক্ত বায়ুছিল্লোল তাঁহার উষ্ণীষের প্রান্তভাগ ঈষৎ কম্পিত করিতে লাগিল।

মাতৃগুপ্ত ক্রমাবর্ত নামক স্থানে উপ-স্থিত হইয়া শুনিতে পাইলেন, কাশ্মীর-রাজ্যের প্রধান রাজকর্মচারিগণ কি কারণে তথায় অবস্থান করিতেছেন। তিনি সেই স্থানে মলিন বস্ত্র পরিত্যাগ পূর্বক শুক্লবন্ত্র পরিধান করিলেন, এবং তথাকার প্রধান রাজকর্মচারীর নিকট উজ্জয়িনীরাজের আদেশলিপি প্রেরণ করিলেন। তখন বিচিত্র পরিচ্ছদ-ধারী প্রধান রীজকর্মচারীরা তাঁহার অভ্যর্থনার জন্ম উপস্থিত হইলেন এবং জিজ্ঞাসা করিলেন, "আপনার নামই কি মহাত্মা মাতৃগুপ্ত ?"

মাতৃগুপ্তের পরিচয় পাইয়া তাঁহারা তাঁহাকে রাজসিংহাসনে অভিষিক্ত করি-বার প্রস্তাব জ্ঞাপন করিলেন। মাতৃগুপ্ত বুঝিলেন, পরমকারুণিক উজ্জ্ঞানীরাজ তাঁহার কথা ভূলিয়া যান নাই, স্বীয় সাম্রাজ্য হইতে রম্যতর রাজ্য তাঁহাকে প্রদান করিয়াছেন। কুড্জভায় তাঁহার চক্ষ্ণ বারংবার অ্ক্রুপূর্ণ হইতে লাগিল।

চক্ষু বারংবার অঞ্জপুণ হহতে লাগেল।
রাজিদিংহাদনে আদীন হইয়া প্রজাগণের জয়ধ্বনির দঙ্গে তিনি অভিষিক্ত
হইলেন। রাজতরঙ্গিণীকার কহলন
কবি লিখিয়াছেন—অভিষেকের জল্বারাবিদ্ধ্যগাত্তে রেবাপ্রবাহের আদি তাঁহার
বক্ষোদেশ প্লাবিত করিয়াছিল। রাজা
হইয়া তিনি মহারাজ হর্ষকে যে পত্র
লিখিয়াছিলেন, অবিরল অঞ্জবিন্দুপাতে
তাহার প্রতি ছত্ত অভিষিক্ত হইয়াছিল।
মহারাজ মাতৃগুপ্ত কিঞ্চিন্য, সঞ্বর্ষ

কাল কাশ্মীররাজ্য স্থাদন করিয়াছিলেন।
তাঁহার রাজত্বকালে উক্ত রাজ্যের অশেষরূপ শ্রীব্রন্ধি হইয়াছিল। মহারাজ হর্যবিক্রমাদিত্যের মৃত্যুর সংবাদ পাইয়া
ব্যথিত চিত্তে তিনি রাজপদ ত্যাগ
করিলেন এবং যতিধর্মা অবলম্বনপূর্বক
জীবনের অবশিষ্ট কাল কাশীতে বাদ
করিয়াছিলেন।

মাত্গুপ্তের অবিচলিত কর্ত্তব্যবুদ্ধি ও অধ্যবসায়ের কাহিনী কাশ্মীর-ইতি-হাসের একাংশ উচ্জ্বল করিয়া ..রাথিয়াছে।



মূৰ্য্য স্থপতি

প্রাচীন হিন্দুগণের পার্থিব কীর্ত্তিগুলি লুপ্ত হইয়া গিয়াছে। আমরা লঙ্কার বৈভব ও ইন্দ্রপ্রস্থের সমৃদ্ধির কথা অনেকটা উপকথা বলিয়াই মনে করি। পরকীয় আক্রমণে ও রাষ্ট্রবিপ্লবে হিন্দুসভ্যতার বাহ্য সম্পদের কিছু নাই বলিলেও অত্যক্তি হয় না—কেবল মাত্র এলিফেণ্টা-গুহার নিভৃত নিকেতনে বিরাট্ প্রাচীন শিল্প অন্তমিত গৌরবের শেষ চিহ্ন লুকাইয়া রাখিয়াছে—েদ্বেল মাত্র ভারতদাগরে উর্দ্মিবিধৌত স্থদূর যবদ্বীপে বিশাল "বড-বদর" মন্দির অগণিত দেববিগ্রহ বক্ষে ধারণ করিয়া ভাস্কর ও স্থাপত্যবিচ্যার তৎকালীন উৎকর্ঘ নীরবে ঘোষণা করিতেছে। ওলন্দাজ-সরকার-

কর্ত্ক প্রকাশিত দেই সকল কীর্তির ছবি
দেখিয়া আমরা বিশ্মিত হইয়া যাই।
উড়িষ্যার নীলগিরিতে স্থপ্রদিদ্ধ কোণার্ক
মন্দির অতীতকীর্ত্তির অর্ধ-ভগ্ন স্তপ্রমালা
আমাদের দৃষ্টি আকর্ষণ করে। কিন্তু এই
সমস্ত ধ্বংসাবশেষ একত্র করিলে আমরা
যাহা পাই, তাহা প্রাচীন সমৃদ্ধির অতি
নগণ্য অংশ।

বে সকল শিল্পী, ভাক্ষর ও স্থপতিবিভা-বিশারদ এদেশে জন্মগ্রহণ করিয়াছিলেন, তাঁহাদের নাম কোন ইতিহাসে
লিপিবদ্ধ নাই। কখনও কোন শিল্পী
কোন তাত্রফলকের নিদ্ধে বা প্রস্তরনির্মিত বাস্তদেব বিগ্রহের পশ্চাতে স্বীয়
নামান্ধিত করিয়া রাথিয়াছিলেন, দেই
চিহ্ন তাঁহাদিগকে পরিচিত করিতে পারে
নাই, তাহা সময়-স্রোতে ভাসিয়া
গিয়াতে।

কিন্তু একজন অতি দক্ষ শিল্পীর বিবরণ আমরা কাশ্মীরের ইতিহাসে দেখিতে পাই, তিনি যে কীর্ত্তি প্রতিষ্ঠিত করিয়া-ছিলেন, তাহা খুপ্তীয় দ্বাদশ শতাব্দী পর্যান্ত বিজ্ঞমান ছিল,—এখনও কিছু আছে কিনা বলিতে পারি না।

এই শিল্পীর নাম সূর্য্য। ইনি
প্রাচীন কালের অতি প্রসিদ্ধ স্থপতি।
খৃষ্টীর ৮৫৫ অব্দে কাশ্মীর-রাজসিংহাসনে
অবন্তীরাজ অধিষ্ঠিত ছিলেন, ইনি ২৮
বংসর রাজত্ব করেন, ইঁহারই রাজত্বকালে
শিল্পি-প্রেষ্ঠ সূর্য্য তাঁহার জ্পাধারণ
প্রতিভা-বলে কাশ্মীররাজ্যের বিচিত্র ইউস্বাধন করেন।

কাশীররাজ্য বহু নদী ও ঐদৈ পরি-পূর্ণ, উহা কোন কালেই খুব উর্ব্বর দেশ বলিয়া প্রসিদ্ধি লাভ করিতে পারে নাই। মহারাজ ললিতাদিত্যের সময় জল-

নিঃসরণের বিশেষ ব্যবস্থা হওয়াতে কাশ্মী-রের কোন কোন স্থান কথঞ্চিৎ উর্ববরতা লাভ করে। কিন্তু পরবর্ত্তী নূপতিবর্গ ভূমির উৎকর্ষদাধনে কোন মনোযোগ প্রদান করেন নাই। স্থতরাং ক্রমাগত ব্যার জল অপ্রতিরুদ্ধ গতিতে সমস্ত দেশ প্লাবিত করিতে থাকে, এই কারণে কাশ্মীর ছুর্ভিক্ষের উৎপাতে প্রায় জনমানবশূন্ম হইয়া পড়িল। প্রতি খাড়ি (১০ মণ, ১২ সের) ধান্মের মূল্য ১০৫০ দীনার হইয়া দাঁড়াইল। মনুষ্য ও গৃহ-পালিত পশুগণের যেরূপ অবস্থা হইল. তাহা বর্ণন করা যায় না।

চণ্ডালগৃহে পালিত সূর্য্ এই সমন্ন রাজসকাশে উপস্থিত হইয়া জানাইলেন যে, যদি রাজা তাঁহাকে মুক্ত হল্তে ধন প্রদান করিতে কুন্ঠিত না হন, তাহা ইইলে তিনি এই দেশময় ভূজিক্ষ ও জলপ্লাবন হইতে প্রকৃতিপুঞ্জকে রক্ষা করিতে পারেন।

রাজগভা উপহাসের অট্টহাস্থে মুখরিত হইয়া উঠিল, দেশের সমস্ত গণ্যমান্থ
লোক এই বিপদের উদ্ধার করিতে
পারিতেছেন না, আর চণ্ডাল যুবক
কোথা হইতে ধুক্টতাপ্রকাশ করিতে
আসিয়াছে, ইহার কি আশ্চর্য্য সাহস !

দূর্য্যের প্রতিভাদীপ্ত চক্ষু ও কথা বলিবার ভঙ্গীতে অবন্তীবর্মার মনে অন্ত-রূপ ধারণা হইল, তিনি এই চণ্ডাল-যুবকের জন্য রাজকোষ মুক্ত করিয়া দিলেন।

সূর্য্য বিজস্তা নদীর তীরস্থিত নন্দক গ্রামে উপস্থিত হইলেন, এই পল্লী জল-মগ্র ছিল, সেই জলপ্লাবিত স্থানে উন্ম-ত্তের ন্যায় সূর্য্য থলিয়াপূর্ণ দীনার নিক্ষেপ করিতে লাগিলেন। এই সংবাদ

পাইয়া মন্ত্রীর দল রাজার কাছে সূর্য্যকে উপহাস করিয়া অনেক কথা বলিলেন. রাজা আরও কিছুকাল প্রতীক্ষা করিয়া ফলাফল জানিতে উৎস্তক রহিলেন। ক্রমে রাজ্যের অন্তর্গত জলপ্লাবিত যক্ষোদর নগরেও সূর্য্য এইভাবে জল-নিম্নে দীনার রৃষ্টি করিতে লাগিলেন. চারিদিক হইতে লোকেরা হাসিতে লাগিল। এই স্থানে তুই দিকের পাহাড় হইতে বড় বড় প্রস্তর ধসিয়া পড়িয়া বিতস্তার গতিরোধ করিয়াছিল, বিতস্তার জল এইজন্য চারিপার্ষের পল্লীগুলি গ্রাস করিয়া ফেলিয়াছিল। জলনিক্ষিপ্ত দীনার-লোভে শত শত লোক ুডুব মারিয়া প্রস্তর সঁরাইয়া ফেলিতে লাগিল, অসংখ্য লোকের প্রাণান্ত চেন্টায় দেই প্রস্তর-সমূহ স্থানচ্যুত হইয়া গেল ও বিভস্তার জল বন্ধনমুক্ত হইয়া বহিগত হইল।

জল নিঃশেষ হওয়া মাত্র সূধ্য বিভস্তার মুথে সাত দিনের মধ্যে একটা প্রস্তারের বাঁধ প্রস্তুত করিলেন এবং নদীর নিম্নতল হইতে আবর্জ্জনা পরি-ফার করিয়া বাঁধটি ভাঙ্গিয়া ফেলিলেন। তখন নদী পুনরায় যেন নবজীবন লাভ করিয়া সাগরসঙ্গমে ছুটিল এবং সমস্ত জল নদীপ্রবাহে আবদ্ধ থাকিয়া তীরগুলি জাগাইয়া তুলিল, জলমগ্ল দেশ যেন সহসা জল হইতে গাত্রোত্থান করিয়া স্নানান্তে অঙ্গনার ভায় ধারে গারে শত্যের শ্রামাঞ্চল থানিতে অঙ্গে জ্বাইয়া ফেলিল।

অপর যে সকল স্থানে বিতন্তার গতি প্রতিরুদ্ধ ইইরাছিল, সূর্য্য সেই সেই স্থানে থাল কাটিয়া প্রবাহ মুক্ত করিয়া দিলেন। এইরূপ বহুসংখ্যক থাল তাঁহার আদেশে খনিত ইইয়াছিল।

বামদিকে শিক্ষা ও দক্ষিণে বিতস্তা প্রবা-হিত ছিল; দুর্গা এই ছুই প্রবাহকে বঅস্বামী নামক স্থানে সন্মিলিত করিয়া দিয়াছিলেন। কাশ্মীরের ইতিহাদলেখক কহলণ পণ্ডিতের সময় দ্বাদশ শতাব্দীতে এই দঙ্গম বিভাষান ছিল,—দূর্য্য ত্রিগ্রাম হইতে সিন্ধনদের প্রবাহ ফিরাইয়া আনিয়া বিতস্তার দঙ্গে মিলাইয়া দিয়াছিলেন, এই কার্যা কি প্রকার তুরুহ ও বিরাট ছিল, তাহা বলিয়া শেষ করা যায় না,— পূর্বে দিক্ষুনদের প্রবাহ যে দিকে ছিল, কহলণ পণ্ডিত তাহার চিহ্ন দেখিয়া ঠিক করিতে পারিয়াছিলেন,—বড় বড় গাছের নিম্নে নৌকা বাঁধিবার দড়ির চিহ্ন উক্ত প্রদিদ্ধ ঐতিহাসিকের সময়ও বিভাষান ছিল। সূর্য্য মহাপদ্মহ্রদের জলের প্রবাহ রুদ্ধ করিবার জন্ম ৫৬ মাইল ব্যাপক একটি প্রস্তারের বাঁধ প্রস্তুত করিয়াছিলেন

এবং এই দের সঙ্গে বিতস্তাকে আনিয়া মিশাইয়াছিলেন।

অনেক নিম্নভূমি তাঁহার অপূর্কা প্রতিভাবলে বন্থার জল হইতে রক্ষা পাইয়াছিল,—দেই সকল স্থান অত্যন্ত উঠবর হইয়াছিল। বহু স্থান ঘিরিয়া তৎকৃত প্রস্তারের বাঁধ অবস্থিত ছিল, সেই দকল স্থান "কুগুল" আখ্যায় অভিহিত হইত। কহলণ পণ্ডিতের সময় পর্যান্ত কাশ্মীরের অনেক নদী শরৎকালে শীর্ণ হইয়া পড়িলে তন্মধ্যস্থিত সূৰ্য্যনিন্মিত প্রস্তরস্তন্তের শীর্ষ দেখা যাইত। শুথিত আছে, নন্দক গ্রাম বত্যামুক্ত হইলে তমধ্যে দুর্ঘ্য-নিক্ষিপ্ত দীনারপূর্ণ থলিয়া-গুলির অনেকটা পাওয়া গিয়াছিল। মহা-পদাইদের দক্ষে বিভস্তার যে স্থলে মিলন হইয়াছিল, তাহার উপকূলে তিনি একটি সমুদ্ধিশালী নগর স্থাপিত করিয়াছিলেন।

"সুৰ্য্যকুণ্ডল" নামক স্বপ্ৰতিষ্ঠিত একটি রহৎ পল্লী তিনি ব্রাহ্মণদিগকে দান করিয়াছিলেন। তাঁহার অন্যতম কীর্ত্তি "দুর্ঘ্যদেতৃ" বহুদিন বিঅমান ছিল। বহু গ্রাম তিনি কুত্রিম খাল কাটিয়া উর্বর করিয়াছিলেন, তিনি কাশ্মীর রাজ্যের যে দকল কল্যাণ সাধন করিয়াছিলেন, তাহার ইয়তা করা যায় না। তাঁহার পূর্বেক কাশ্মীরে খব উৎকৃষ্ট ফসল হইলেও এক থাডি ধান্মের দাম কোন কালেই ২০০ দীনারের কম হয় নাই. কিস্ক তাঁহার সময় প্রতি খাডি ৩৬ দীনার হইয়াছিল। তাঁহার যত্নে বন্সাযুক্ত কাশ্মীর-দেশের বহু স্থানে পরবর্ত্তী রাজভাবর্গ শত শত নগরী নির্মাণ করিতে পারিয়া-ছিলেন। এই সমস্ত বিবরণ বাজতরঙ্গিণী হইতে সংগৃহীত হইল। ইহার সকল অংশ ঠিক ঐতিহাদিক সত্য বলিয়া

গ্রহণ করা যায় কি না বলা যায় না—
কিন্তু এই সকল বিবরণের অনেকাংশই
যে সত্য এবং সূর্য্যের অসাধারণ প্রতিভার পরিচায়ক, তৎসম্বন্ধে সন্দেহ নাই।

এদেশে কোন নিম্নশ্রেণীর লোক আশ্চর্য্য প্রতিভা দেখাইলে তাহার উচ্চজাতিত্ব প্রতিপাদন করিবার জন্ম অনেক প্রবাদ ও জনশ্রুতির সংঘটন হইয়া থাকে। "সুর্য্য" শুধু চণালগ্যহে চণ্ডালী-কর্ত্তক পালিত হইয়াছিলেন, বস্তুতঃ তিনি ভদ্রঘরের দন্তান, তাঁহাকে তাঁহার পিতামাতা হাঁডির ভিতর প্রারয়া পথে ফেলিয়া গিয়াছিলেন—চঙালী কুড়াইয়া পাইয়াছিল, ইত্যাদি অনেক কথা ইতিহাদে লিপিবদ্ধ হইয়াতে, উহা কতদুর বিশ্বাস্থ তাহা বলিতে পারি না।

আমাদের দেশে খালখনন যে এক সময়ে অতি বৃহৎ ও বিরাট চেন্টায়

সমাহিত হইত, তাহার ইঙ্গিত প্রাচীন গ্রন্থাদিতে পাওয়া যায়। এমন কি ঐতি-হাদিক কালের পূর্বেব ভগীরথের গঙ্গা আনিবার কথা, সগর-রাজের সমুদ্র দম্বন্ধে ও অগস্ত্য-মূনির বিশ্বাপর্বত সম্পর্কীয় উপকথার ভিতরে কোন নিগুঢ ঐতিহাদিক দত্য কাব্যমগ্র হইয়া আছে কিনা কে বলিবে? কহলণ পণ্ডিত সূর্য্যকে বলদেব ও কশ্যপ হইতেও ভূমির উৎকর্য সাধনে অধিকতর কুতকার্য্য বলিয়া উল্লেখ করিয়াছেন। বলদেবের বিশ্ববিশ্রত হলের কথা অবশ্য শুনিয়াছি. কিন্ত কশ্যপ কি করিয়াছিলেন ?



যশস্করের বিচার

৯৩৯ খঃ অব্দে ব্রাহ্মণগণ কর্তৃক
মনোনীত হইয়া যশস্কর কাশ্মীর-রাজসিংহাসনে অধিষ্ঠিত হন। ইনি ৯ বৎসর
৬ মাস কাল রাজত্ব করিয়াছিলেন।
দোষে গুণে যশস্কর একজন অনত্যগাধারণ ভূপতি ছিলেন। বিচারকার্য্যে
তাঁহার যশঃ কাশ্মীরে প্রবাদবাক্যের তায়
হইয়া পড়িয়াছিল। তাঁহার বিচারের
ছুইটি দৃষ্টান্ত আমরা নিম্নে প্রদান
করিতেছি।

একদা এক নিষ্ঠাবান হন্ধ ব্রাহ্মণ রাজসকাশে উপস্থিত হইয়া নিবেদন করিলেন যে, তাঁহার অবস্থা এক সময় অতিশয় সমূদ্ধ ছিল, ঋণজালে আবদ্ধ হইয়া তিনি শেষে এরূপ বিত্রত হইয়া

পড়েন যে, তাঁহাকে স্বগৃহ এবং তৎসংলগ্ন · ভূমি পর্য্যন্ত কোন ধনবান বণিকের নিকট বিক্রয় করিয়া ঋণ পরিশোধ করিতে হইয়াছিল। কিন্তু দেই গৃহ-দীমায় অবস্থিত একটি কৃপ ও তৎসংলগ্ন সোপা-নাবলী তিনি বিক্রয় করেন নাই, গ্রীম্মাগমে যাহারা পর্ণ কিংবা ফুল দিক্ত রাখিতে ইচ্ছ্ক, তাহারা কুপ ও দোপান ভাডা লইবে এবং তাহাতে গ্রাসাচ্ছাদ-নের ব্যয় অনায়াদে সংকুলান হইতে পারিবে, এই বিশ্বাদে ব্রাহ্মণ তাঁহার জায়াকে দেশে রাখিয়া বিদেশ-ভ্রমণে প্রব্রত হন। ২০ বৎদর পরে তিনি কাশ্মীরে প্রত্যাবর্ত্তন করিয়া 'জানিতে পারিলেন, তাঁহার স্ত্রীর ফুন্দর কান্তি মলিন হইয়া গিয়াছে: তিনি পরিচারিকার রুত্তি অবলম্বন করিয়া অতি কটে দিন-পাত করিতেছেন।

তাঁহার এ দশা কেন হইল, সেই
কৃপ ও সোপানের আয়ে তাঁহার জীবিকানির্বাহ হইবার কথা, ইহা জিজ্ঞানা
করাতে আক্ষাণরমণী বলিলেন, আক্ষাণ
বিদেশ-ভ্রমণে বহির্গত হওরা মাত্র
তাঁহাদের বাটীক্রেভা ধনশালী বণিক্
তাঁহাকে কৃপ প্রভৃতির অধিকার হইতে
বঞ্চিত করিয়া বলপূর্ব্বক তাড়াইয়া
দিয়াছিল।

এই সংবাদে ব্রাহ্মণ ক্রুদ্ধ ইইয়া
সেই বণিকের নামে অভিযোগ আনরন
করেন, কিন্তু প্রভি বারেই বিচারকগণ
তাঁহার স্থায়সঙ্গত দাবা স্বীকার না
করিয়া সেই মিথ্যাবাদী বণিকের অন্থকুলে মোকদ্দমা নিষ্পত্তি করিয়াছেন।

স্বীয় ইতিহাস এই ভাবে বর্ণনা করিয়া আক্ষণ বলিলেন, "মহারাজ! আমি এই সকল বিচার বুঝি না, দেই

কুপ ও দোপানাবলী আমি কখনই বিক্রয় করি নাই, আপনি দদ্বিচারপর্বক আমাকে আমার স্থায়্য অধিকার প্রাপ্তির উপায় না করিয়া দিলে এই রাজদ্বারে আমি প্রায়োপবেশনপূর্বক প্রাণত্যাগ করিব।" রাজা বিচারাসনে উপবিষ্ট হইয়া বিচারকমগুলীকে আহ্বান করিয়। আনিলেন, এবং এই অভিযোগের সম্বন্ধে অনুসন্ধানে প্রবৃত্ত হইলেন। তাঁহারা একবাক্যে রাজাকে জানাইলেন, বহুবার তাঁহারা এই ব্রাহ্মণের বিষয় ·তদন্ত করিয়া নিষ্পত্তি করিয়াছেন. বণিকের কথা সত্য, এই ব্রাহ্মণ নিতান্ত ধুর্ত্ত, ইহার শান্তি হওয়া উচিত। রাজা স্বয়ং দেই গুহের বিক্রয়পত্র পরীক্ষা করিয়া দেখিলেন, তাহাতে কৃপ ও সোপানাবলী দমেত বাটীবিক্রয়ের• কথা • লিখিত আছে।

তথাপি রাজা সেই ব্রাহ্মণের অভিযোগ সত্য বলিয়া মনে মনে সন্দিহান হইলেন। তিনি মনের ভাব গোপন করিয়া উপস্থিত সকলের সহিত নানারূপ আমোদজনক কথাবার্তায় নিযুক্ত রহিলেন, এবং ক্রীডাচ্ছলে তাঁহাদের পরিহিত মণিরত্ব গ্রহণপূর্বক পরীক্ষা করিয়া দেখিতে লাগিলেন, সেই স্থানে ব্ৰাহ্মণ কর্ত্তক অভিযুক্ত বণিকও উপস্থিত ছিলেন। রাজা অপরাপরের সঙ্গে যেরূপ ব্যবহার করিতেছিলেন, সেই ভাবে বণিকের অঙ্গুলি হইতে ভাঁহার একটি অঙ্গায়কও গ্রহণ করিয়া তাহা দেখিতে লাগিলেন, সহসা হস্তপদ ধোত করিবার ছলে রাজা সভাসদ্দিগকে তথায় অপেক্ষা করিতে আদেশ করিয়া গৃহাভ্যস্তরে প্রবিষ্ট ্হইলেন।

গৃহে প্রবেশ করিয়া রাজা সেই

অঙ্গুরীয়ক একজন দূতের হস্তে প্রদান করিয়া তাহাকে বণিকের বাটীতে পাঠাইয়া দিলেন, দূতকে শিথাইয়া দিলেন সে যেন দেই অঙ্গুরী বণিকের বাটীর হিদাবপত্রক্ষক কর্মচারীর হস্তে প্রদান করিয়া বলে যে, বণিক ভাহাকে সত্বর পাঠাইয়া দিয়াছেন; বণিকের অনুজ্ঞাক্রমে সেই ব্রাহ্মণের বাটী বিক্রয় করিবার তারিখ হইতে সমস্ত হিসাব পত্র এখনই তাহার নিকট দিতে হইবে। দূত রাজার আদেশামুদারে সেই . বণিকের নাম করিয়া কর্মচারীকে অঙ্গ-রীয়ক প্রদান করিল, এবং হিসাবপত্তের জন্ম তথায় অপেক্ষা করিতে লাগিল। ুকর্মচারী প্রভুর কর্চি<mark>হু অঙ্গু</mark>রী প্রাপ্ত হইয়া নিঃদন্দেহে দমস্ত হিদাবপত্র দুতের হস্তে অর্পণ করিল।

রাজা নিভূত কক্ষে শ্বয়ং দেই হিসাব

মনোযোগপূর্বক পরীক্ষা করিয়া দেখি-লেন, তাহাতে বাটী ক্রয় সম্বন্ধীয় ব্যয়ের মধ্যে বিক্রেয়-প্রলেখক বাজকর্মচাবীকে ১০০০ দীনার প্রদানের উল্লেখ আছে। এরপই কাগজ লেখার পারিশ্রমিক অতি সামায়, তাহার তুলনায় ১০০০ দীনার অসন্তব পরিমাণে অধিক। দলিল-লেখক রাজকর্মচারীটীকে এত অধিক অর্থ কেন দেওয়া হইল এই সম্বন্ধে অনু-সন্ধানে প্রবৃত্ত হইয়া রাজা দলিলটি বিশেষ ভাবে পরীক্ষা করিয়া দেখিলেন, তারার এক স্থানে "র"কে "দ"তে পরিণত করা হইয়াছে, দেবনাগরী অক্ষরে সামান্ত পরি-বর্ত্তন করিলেই "র"কে "স"তে পরি-ণত করা যায়, "দোপানকুপরহিত" কথার স্থলে "দোপানকৃপদহিত" হইয়া গিয়াছিল। রাজা দলিল-লেখককে আনাইলেন, তাহাকে অভয়বাণী প্রদান

করিয়া সত্য বলিতে আদেশ করিলে, দে স্বীয় অপরাধ স্বীকার করিল।

রাজা সেই দলিল সভাসদ্ ও বিচারকমণ্ডলীর নিকট উপস্থিত করিয়া বণিকের
দোষ প্রতিপন্ন করিলেন। বণিকৃ কাশ্মীর
ইইতে নির্বাসিত হইল এবং ব্রাহ্মণ
তাঁহার বাটী ও ধনের অধিকারী
ইইলেন।

একদা মহারাজ যশস্কর সায়ং সদ্ধা
সমাপনান্তে আহারে প্রবৃত্ত হইবেন এমন
সময় দৌবারিক আসিয়া জ্ঞাপন করিল,
জানক ব্রাহ্মাণ তাঁহার সঙ্গে দেখা করিবার
উদ্দেশ্যে অপেক্ষা করিতেছেন, তাঁহার কি
অভিযোগ আছে, তাহা তিনি রাজসকাশে
জ্ঞাপন করিবেন। দৌবারিক তাঁহাকে
বুঝাইয়াছে যে, বিচারের সময় অতিবাহিত
হইয়াছে; এখন রাজার সঙ্গে দেখা করিবার সময় নাই, কল্য যেন ব্রাহ্মাণ রাজ-

সভায় উপস্থিত হইয়া অভিযোগের কথা
নিবেদন করেন, — কিন্তু ব্রাহ্মণ কিছুতেই
ছাড়িতেছেন না, তিনি তাহাকে বলিয়াছেন সে যদি রাজসকাশে আজই তাঁহার
কথা না বলে, তবে তিনি রাজদ্বারে উপবাসী হইয়া থাকিবেন।

রাজা আহার না করিয়াই ব্রাহ্মণকে ডাকাইলেন, ব্ৰাহ্মণ তাঁহাকে বলিলেন. "মহারাজ, বহু স্থান পর্যাটন করিয়া ১০০ স্বর্ণমূদ্রা সংগ্রহপূর্ব্বক আমি কাশ্মীরে প্রত্যাবর্ত্তন করিয়াছি, কাশ্মীর তানার স্বদেশ: শুনিয়াছিলাম আপনার শাসনে কাশ্মীর শান্তিপূর্ণ হইয়াছে, এ দেশে দস্যুতস্করের ভীতি নাই, গত রাত্রি আমি লবণোৎদের পার্যস্থিত এক মুক্সনিম্নে যাপন করি, অতি প্রভাষে যথন উঠিয়া পথ চলিতেছিলাম, তথন আমার স্বর্ণমুদ্রার থলিয়া সমেত কুদ্র পুঁটুলিটি হস্তচ্যত

হইয়া একটি কুপে পড়িয়া যায়, আমি অধীর হইয়া দেই কুপেই প্রাণত্যাগ করিতে উগ্নত হইয়াছিলাম, কিন্তু চারি দিকের লোকজন সমাগত হইয়া আমাকে বাধা দেয়। সেই সমবেত লোকরন্দের মধ্যে বলিষ্ঠকায় সাহসী এক বণিক আমাকে জিজ্ঞানা করিল, "যদি থলিয়াটি উদ্ধার করিয়া দিতে পারি তবে আপনি আমায় কি দিবেন ?"--আমি বলিলাম---"তাহ। হইলে থলিয়াটি আপনারই হইল: আপনি তাহা হইতে আপনার যাহা ইচ্ছা কাহাই আমাকে দিবেন।" তথন সেই বণিক কুপনিম্নে অবতরণ করিয়া থলিয়াটি উদ্ধার করিল, এবং নিজে ৯৮টি স্বর্ণমুদ্রা রাথিয়া সুইটি মাত্র আমাকে প্রদান করিল। আমি মৌথিক যে সর্ত্ত করিয়াছিলাম. তাহার ফল এই দাঁডাইল দেখিয়া সম-· বেত লোকরন্দ আমার নিন্দা করিতে লাগিল। এই দর্ত্ত রাজবিধি অনুসারে অপরিবর্ত্তনীয়, স্বতরাং দকল লোক আমায় বলিল, ইহার আর কোন উপায় হইতে পারে না।" রাজা দেই বণিকের নাম ও আকৃতি প্রকৃতি দম্বন্ধে প্রশ্ন করাতে ব্রাহ্মণ কিছুই বলিতে পারিলেননা; শুধু তাহার মুখ দেখিলে চিনিতে পারেন, এই বলিলেন। রাজা ব্রাক্ষণকে আখাদ প্রদান করিয়া দে রাত্রে তাঁহাকে স্বগ্যহে ভোজনের জন্য আমন্ত্রণ করিলেন, এবং পরদিন প্রভাতে লবণোৎসের বণিক-বৃন্দকে আহ্বান করাইয়া আনিলেন, ব্রাহ্মণ তাহাদের মধ্যে একজনকে দেখ*ই*য়া বলিলেন, এই সেই বণিক।

সেই বণিক্কে ভিজ্ঞাস করা হইলে ব্রাহ্মণ যাহা যাহা বলিয়াছিলেন, সে তাহার সকলই সত্য বলিয়া স্বীকার করিল এবং এ সম্বন্ধে রাজ-বিধি যে তাহার অমুকূলে তাহাও গাইতে হাড়িল
না। ব্রাহ্মণ স্বয়ং সত্যপাশে বদ্ধ হইয়াছিলেন, স্ত্রাং সভাসদ্-রন্দ রাজা এই
অভিযোগের কি বিচার করেন, দেথিতে
উৎস্ক হইয়া রহিলেন।

রাজা বিচারাসনে উপবেশনপূর্ব্বক ৯৮টি স্থবর্ণমুদ্রা ব্রাহ্মণকে ও তুইটি মাত্র বণিক্কে প্রদান করিলেন। এই বিচা-রের সমর্থনে তিনি বলিলেন, "প্রাক্ষণ একথা ক্ৰেন নাই যে, বণিক্ যাহাই দিবে, তিনি তাহাই গ্রহণ করিবেন।" প্রাহ্মণ বলিয়াছিলেন,—''আপনার যাহা ইচ্ছা তাহাই আমাকে দিবেন।" এখন বণি-কের ইচ্ছা বা কামনা ৯৮টি স্বর্ণমুদ্রা গ্রহণ করা, সর্ভ অনুসারে বণিকের যাহা ইচ্ছা তাহাই ব্ৰাহ্মণের প্ৰাপ্যহয়। লুব্ধ বণিক্ তুইটি স্বর্ণমূদ্রা পাইতে ইচ্ছা করে নাই, ্দে যাহা ইচ্ছা করিয়াছে (অর্থাৎ ৯৮টি

মুদ্রা) তাহা আমি ব্রাহ্মণকে প্রদা করিলাম।

যদিও এই বিচারে রাজা সর্ত্তের প্রাকৃত মর্মা গ্রহণ না করিয়া শুধু কথার অর্থ জারা অভিযোগের মীমাংসা করিলেন, তথাপি যথন কোন লোভপরায়ণ ছুফ্ট ব্যক্তি অপরের সত্তার স্থবিধা গ্রহণ করিয়া রাজবিধির বলে স্বীয় ছুফ্ট অভিস্থি চরিতার্থ করিছে ইচ্ছা করে, তথন রাজবিধি লঙ্জ্মন না করিয়া কোশলক্রমে শব্দের অর্থগ্রহণ পূর্বক যদি কোন সাধু ব্যক্তির সাহায্য করা যায়, ত্রমে কার্য্য যে ন্যায়সঙ্গত হয়, তার্ক্তর করিতে পারে না।



আওরঙ্গজেব ও ভাঁহার শিক্ষক

মোগল রাজত্বসময়ে বাদদাহ-পুত্র-দিগের শিক্ষকগণ বুথা স্তোকবাক্য দ্বারা তাঁহাদের মনোরঞ্জন পূর্বক স্বীয় স্বার্থ-সিদ্ধির উপায়খুঁজিতেন, এবং যে শিক্ষায় কুমারগণ রাজোচিত কর্ত্তব্যপালনের যোগ্য হইয়া উত্তরকালে প্রজাহিত সাধনে এবং রাজ্যের শাসন-সংরক্ষণে সমর্থ হইতে পারেন, তদ্রূপ শিক্ষা প্রদান না করিয়া নানা প্রকার রুখা পাণ্ডিত্য অর্জ্জনে তাঁহাদিগকে নিযুক্ত রাখিতেন। সম্রাট্ আওরঙ্গজেবের বাল্যকালে মোল্লাদেল নামক এই প্রকার এক শিক্ষকের হস্তে তাঁহার বিস্যাশিক্ষার ভার গুস্ত হইয়াছিল। সাজাহান বাদসাহ ইহাকে কাবুলের দমাপবর্ত্তী কোনস্থানে বিস্তর ভূসম্পত্তি প্রদানপূর্বক দরবার

হইতে অবদর দিয়াছিলেন। মোলা বুদ্ধ বয়দে তথায় বাইয়া নিশ্চিন্ত ভাবে বাস করিতে লাগিলেন। কিন্তু দারাকে নিহত করিয়া আওরঙ্গজেব সম্রাট হইয়াছেন, সহসা এই সংবাদ পাইয়া তাঁহার মনে অতিমাত্রায় লোভের সঞ্চার হইল, এবং তিনি ওমরার পদপ্রার্থী হইয়া দিলীশ্বরের দরবারে উপস্থিত হইলেন। স্ত্রাটের ভগিনী রোদনার। বেগম এবং কয়েকজন প্রধান রাজকর্মচারী দ্বারা তিনি দরবারে অনুরোধ চালাইতে লাগিলেন। আওরঙ্গজেব প্রথমতঃ তাঁহার প্রতি কোন মনোযোগ প্রদর্শন করিলেন না, কিন্তু যথন দেখিলেন মোলা কোন প্রকারেই দরবার ত্যাগ করিতে ইচ্ছ ক নহেন, তথন একদা তাঁহাকে হাকিম উল মালিক এবং দানেশমন্দ থা নামক স্থপণ্ডিত ওমরাছয়ের সম্মুখে বিনীতভাবে বলিলেন,

"শিক্ষক মহাশয়! আপনি ন্যায়তঃ ওমরার পদ দাবী করিতে পারেন ? যদি আপনি আমাকে সৎশিক্ষা প্রদান করিতেন, তবে আপনাকে প্রার্থিত গৌরব প্রদান করা অপেক্ষা আমার অধিকতর আহলাদের বিষয় কি হইতে পারিত! কারণ আমি দুঢ় বিশ্বাস করি, যে শিক্ষক ছাত্রদিগকে স্থশিক্ষা প্রদান করেন, তাঁহার নিকট ছাত্রের ঋণ পিতৃ-ঋণ অপেকা কোন অংশে ন্যন নহে। আপনি আমাকে শিখাইয়াছেন ইউরোপ একটি নগণ্য দেশ। ফরাসী, হলও, পর্ত্ত-গাল প্রভৃতি দেশের সম্রাট্গণ দিল্লীশ্বরের অধীন করদ রাজা মাত্র, ইউরোপের সমস্ত মুড্রাটের শক্তি একতা করিলেও দিল্লীশ্বরের শক্তির তুলনায় তাহা অতি তুচ্ছ। আপনি আমাকে বলিতেন, দিল্লীশ্বর-গণ জগজ্জয়ী; তাঁহাদের ভয়ে চীন, মাঞ্চু-

রিয়া, পারস্থ প্রভৃতি রাজ্যের অধিপতিগণ সর্বাদা কম্পিত। ইহাই কি ভূগোল ও ইতিহাদের প্রকৃত তত্ত্ব ং আপনি যদি আমাকে দেই সকল স্থানের ভৌগ-লিক সংস্থান ও সীমা-নির্দেশ কবিয়া তদ্দেশবাদীদের আচার, ব্যবহার, রাজ-নীতি, দৈহাবল ও ধর্ম সম্বন্ধে উপদেশ দিতেন এবং কি কি কারণে সেই সকল বাজেরে উন্নতি বা অবনতি হইয়াছে, তাহা ভাল করিয়া বঝাইয়া দিতেন, তাহা হইলে আমার অশেষ উপকার সাধিত হইত। আমার পূর্ববপুরুষগণ কি উপায়ে এই রহৎ সাআজ্য স্থাপন করিলাচেন, দেই ইতিহাদ জানা আমার বিশেষ প্রয়োজন ছিল; কিস্তু তাহা না শিখাইয়া আপনি আমাকে আরবী ভাষার ব্যাকরণে পণ্ডিত করিবার চেফীয় আমার সময়ের অনেকটা নফ করিয়াছেন। বাদসাহ-

পুত্রের ব্যাকরণে পণ্ডিত হওয়া জীবনের চরম লক্ষ্য নহে। আরবী ভাষার জন্ম এতটা সময় নষ্ট না করিয়া আপনি যদি আমাকে হিন্দুস্থানের নানা প্রকার প্রাদেশিক ভাষা শিক্ষার দহায়তা করিতেন. তাহা হইলে আমি উপকৃত হইতাম, কারণ সর্বদা এতদ্দেশীয় লোকের সঙ্গে আমাদের ঘনিষ্ঠ সম্বন্ধ রহিয়াছে। আপনি আমাকে দর্শন শাস্ত্র শিখাইতে ব্যস্ত হইয়াছিলেন; কতকগুলি জটিল কল্পনা ও তুর্ব্বোধ বাক্যের মধ্যে গুঢ় সত্য ্নিহিত রহিয়াছে, আপনি আমাকে এই ভরদা দিয়াছিলেন। কিন্তু যে দর্শন-পাঠে প্রকৃত নীতিজ্ঞান জম্মে ও হৃদয়ের তুর্নিবার প্রবৃতিগুলি দমন করিয়া লোক শাস্ত ও সমাহিত ভাবে স্বীয় কর্ত্তব্যসাধন করিতে পারে, আপনি সেইরূপ দর্শন ় শিক্ষায় আমাকে দীক্ষিত করেন নাই।

রাজার প্রজাদের প্রতি কি কর্ত্তব্য এবং তাহাদেরই বা রাজার প্রতি কি কর্ত্তব্য, জানিলে আমার অনেক উপকার হইত। কিন্তু আপনি দিল্লীখরের ক্ষমতা সম্বন্ধে নানাপ্রকার স্তোকবাক্য বলিয়া দত্য জানিবার পথে অন্তরায় উপস্থিত করিয়াছিলেন। আপনার শিক্ষায় যদি আমার প্রকৃত উপকার হইত, তবে আ্যারিউটলের নিকট দেকন্দর বাদসাহ যেরপ কৃতজ্ঞ ছিলেন, আমি আপনার নিকট তদপেক্ষা অধিকতর কৃতজ্ঞ থাকিতাম।"

আওরঙ্গজেব শিক্ষকের প্রতি কোন প্রকার সম্মানের ক্রটি না দেগাইয়া তাঁহার শিক্ষা-প্রণালীর দোষ বিনীতভাবে দেখাইয়া ক্ষান্ত হইয়াছিলেন। .



স্বর্গীয় দিগম্বর সাম্যাল

পাবনার অন্তর্গত গাঁড়াদহ গ্রামে মাতুলালয়ে দিগন্থর সান্ধাল মহাশয় ১৮৪০ খৃঃ অকে জন্মগ্রহণ করেন। ইঁহার পৈতৃক নিবাসভূমি রাজসাহীর অন্তঃপাতী দোমনকলদী গ্রাম এবং ইঁহারা বারেন্দ্রশ্রেণীর ব্রাহ্মণ। পিতা ৺রাজীবচন্দ্র সান্ন্যাল মহাশয় একটি খুনের মোক-দ্মায় পড়িয়া পলাতক হন। সান্ধাল-পরিবার অতি বুহুৎ ছিল, এই তুর্ঘটনায় ইহাদিগকে সর্বস্বান্ত হইতে হইয়াছিল। সহসা পরিবারস্থ অনেক ব্যক্তির মৃত্যু হয়। নানারূপ বিপন্ন হইয়া রাজীবচন্দ্র সান্ধ্যাল মহাশয়ের স্ত্রী জগদম্বাদেবী স্বগ্রামের ভদ্রলোকগণের সাহায্যপ্রার্থিনী হন। পাহায্য লাভ করা দূরে থাকুক,

তাঁহারা এই হ্রযোগে সান্ম্যালদিগের অবশিষ্ট সম্পতিটুকু গ্রাস করিয়া বদেন। জগদস্বাদেবী চিরকালের জন্ম দেশ পরি-ত্যাগ করিয়া তাঁহার পিত্রালয়ে গমন করেন। থাতার নিষেধে দিগন্বর স্বীয় পৈতৃক আমে স্বার জীবনে পদার্পণ করেন নাই। মাতুলবর্গ অবস্থাপন্ন ছিলেন, কিন্তু তাঁহারা শিশু দিগম্বর ও তাঁহার মাতাকে তাদুশ আদর দেখান নাই। তেজিমিনী মাতা দেই গ্রামে পুথক্ এক খানি ক্ষদ্র গৃহ নির্মাণ করিয়া বাস করিতে লাগিলেন। এই স্থানে দিগন্ধরের পলাতক পিতা ছন্মবেশে যাভাগাত করিতেন, ও অতি কফ্টে যৎকিঞ্চিৎ উপাৰ্জন করিয়া পাঠাইতেন, তদ্বারা কায়কেশে সংসার চলিয়া যাইত।

আঘাতে আঘাতে লোহ ইস্পাত হয়, উপর্যুপরি বিপৎপাতে দিগন্ধরের

চরিত্রবল ও মনের তেজঃ রৃদ্ধি পাইয়া **'ছিল। দিগন্ধর গ্রামের পাঠশালায়** পডিতেন. ও তথায় সর্ব্বোৎকৃষ্ট ছাত্র বলিয়া গণ্য ছিলেন, কিল্ক পাঠশালার এক আনা বেতন চালাইতে পারিতেন না। কয়েক মাদ ক্রমাগত বেতন না দেওয়াতে পণ্ডিত মহাশয় দিগম্বরকে একদিন বিশেষভাবে ভৎ দনা ও বেত্রাঘাত করেন। দিগন্বর বলিলেন, "গুরুমহাশয়, আমি কোনরূপেই এক আনা বেতন চালাইতে পারি না, আমাদের তুইটি .সন্ধ্যা ভাতই চলে না" এই বলিতে বলিতে শিশু দিগদর হৃদয়াবেগে কাঁদিয়া ফেলিলেন। পণ্ডিত মহাশয় তদবধি তাঁহার •মাহিয়ানা লইতেন না।

এই অবস্থায় তিনি ছাত্রবৃত্তি পরীক্ষায় প্রশংসার সহিত উত্তীর্ণ হইয়া ৪ টাকা রুতিলাভ করেন, এবং পড়িবার জন্ম বহরমপুরে উপস্থিত হন। এখানে গাঁডাদহনিবাদী প্রেমলাল নাগ নামক জনৈক সম্ভ্রান্ত ব্যক্তি দিগদ্বরকে আশ্রয় দান করেন। দিগদ্বর রত্তির চারিটাকা মাতাকে পাঠাইয়া দিতেন। স্কুলে বিনা বেতনে পড়িতেন এবং প্রেম বাবুর বাদায় ছুটি খাইতে পাইতেন। কিন্তু এ স্থথ তাঁহার ভাগ্যে বেশী দিন রহিল না। প্রেম বাবুর বাসায় থাকিয়া অনেকগুলি ছাত্র পড়াশুনা করিত। তশ্মধ্যে বাবুর নিতান্ত আত্মীয় একটি ছাত্রপ্রবর চৌর্য্য অপরাথে প্রত হওয়ায় নাগ মহাশয় নিতান্ত ক্রে হইয়া বাসার সমস্ত ছাত্র-কেই তাড়াইয়া দেন। কিন্তু কেবল মাত্র তুঃখের সহিত দিগম্বরকে কান, ''দিগদ্বর, শুধু তোমাকে অন্যত্র যাইতে বলিতে আমার বড় কন্ট হইতেছে, তুমি বড় ভাল ছেলে, কিন্তু কি করিব, আমি এরপ অবস্থায়ই পড়িয়াছি যে, একজনকে
'তাড়াইয়া অপর কাহাকেও আমার রাথিবার উপায় নাই।"

অন্যান্য বালক যে যাহার স্থানে চলিয়া গেল, নিঃদহায় দিগন্বর স্কুলের পুস্তক কয়েকথানি লইয়া প্রাতে বাহির হইয়া গেলেন, ও এদিক দেদিক ঘুরিয়া স্কলের সময় স্কলে উপস্থিত হইলেন। যথাসময়ে স্কুল ছুটি হইল। সারাদিন উপ-বাদ করিয়া দিগম্বর নিতান্ত ক্লান্ত হইয়া পড়িয়াছিলেন। বেলা অবসানপ্রায়, দিগন্বর চতুৰ্দ্দিকে ফ্যাল, ফ্যাল, করিয়া চাহিতে লাগিলেন, কে তাঁহাকে আশ্রয় দিবে ? এতদবস্থায় শীর্ণ ও শুক্ষমুখে তাঁহাকে রাস্তায় বেড়াইতে দেখিয়া তাঁহার এক-জন অবস্থাপন্ন সহপাঠী তাঁহাকে বলিল, "দিগন্ধর, ভূমি স্কুলের পর বাদায় যাও .নাই তোমায় এমন দেখাইতেছে

কেন ? দিগদ্বর নিতান্ত অবসম হইরা
পড়িয়াছিলেন। কন্টের সহিত অঞ্চ
সংবরণ করিয়া তাঁহাকে সমস্ত কথা
বলিলেন। সহপাঠা শুনিয়া ছুঃখিত
হইলেন এবং বলিলেন—"তোমার আর
কোন কন্ট ভোগ করিতে হইবে না, এদ
আমাদের বাড়াতে থাকিবে।" বন্ধু
অতি যদ্ধে তাঁহাকে হাত ধরিয়া নিজের
বাড়াতে লইয়া আসিলেন এবং তাঁহাকে
বিশেষ আদরে তথায় রাখিলেন।
দিগদ্বরেরও থাকিবার সমস্ত স্থবিধাই
হইল।

কিন্তু কয়েকদিনের মধ্যেই দিগখর
বুঝিতে পারিলেন, তাঁহার দহাধ্যায়ী অতি
কুচরিত্র। কোন একদিনের বিশেষ কটি
ঘটনায় দিগখর উহার চরিত্র দখস্কে সন্দির্ক্ষ
হইয়া গৃহের জনৈক ভূতাকে দেই ঘটনার
গৃঢ় কথা জিজ্ঞাদা করিলেন, তাহাতে

দে এক জঘন্য অভিনয়ের রক্তান্ত তাঁহাকে 'অবগত করাইল। সহাধ্যায়ী বন্ধুপ্রবরের এই কীর্ভি অবগত হইয়া দিগ^{ন্ত্}র ছুঃখিত হইলেন এবং তৎক্ষণাৎ তাহার নিকট যাইয়া বলিলেন "দেখ ভাই আমি অতি গরিবের ছেলে, আমার ভাত জোটে না। তোমরা বড় মাকুষ, তোমাদিগের সক-লই দাজে। তবে বে পথে চলেছ, দে পথ ভাল নহে, উহা ত্যাগ কর। আমি বড় ভীত হইয়াছি, এখানে থাকা আমার দাহদে কুলায় না; আমায় ক্ষমা করিও, ুশামি চলিলাম।" বন্ধুবরের নানারূপ অনুনয় বিনয় উপেক্ষা করিয়া দিগন্ধর আহারাদি না করিয়াই পুঁথি কয়েকথানি লইয়া শাবার রাস্তার উপর দাঁড়াইলেন। কে কোথায় স্থান দিবে, আহার দিবে, এ চিন্তা বালকের মনে একবারও হয় নাই: · যে ধর্মনীতিপ্রসূত ভীতি ও সাবধানতা

তাঁহার চরিত্রটীকে সমাজের ভূষণস্বরূপ করিয়াছিল, তাহারই বলে তিনি এক মুহূর্ত্তও ভবিষ্যৎ চিন্তা না করিয়া বিপদ্ ও তঃখের প্রতি উপেক্ষা প্রদর্শনপূর্বক দেই বিলাদের গৃহ হইতে বহিগতি হইয়া পড়িলেন। সারাদিন স্কলে পড়া-শুনা করিয়া অনাহারে অবসন্ন অব-স্থায় দিগম্বর সন্ধ্যাকালে এক ভদ্র-লোকের বাড়ীতে যাইয়া বলিলেন, "মহাশয়, আমি একটি দরিদ্র ব্রাহ্মণ ছাত্র। কোথায়ও থাকিতে স্থান না পাইয়া আসিয়াছি। যদি মহাশয় দয়া করিয়া বাদায় আশ্রেয় দেন।" অনুসন্ধানে গৃহস্বামী জানিলেন, দিগন্বর স্কুলে দর্কা-পেক্ষা ভাল ছেলে, স্বতরাং যক্ষেত্রহিত তাঁহাকে বাদায় রাখিলেন। এ বাদায় আহারের বড় অস্থবিধা ছিল, রাত্রি ১২টা কি ১ টার সময় রন্ধন হইত। বাদার

অপরাপর সকলে নিজ পয়সায় খাবার থাইতেন। দিগম্বর কিছুই থাইতেন না, পরস্ত বালক ক্ষুধায় পীড়িত হইয়া রাত্রি ১০ টার মধ্যেই ঘুমাইয়া পড়ি-তেন। কেহ তাঁহাকে জাগাইত না এ অবস্থায় অনেক সময় রাত্রিকালে দিগ-ম্বরকে উপবাদে যাপন করিতে হইত। যে হাঁপানিকাশিতে দিগন্বর ভবিষ্যতে অনেক কন্ট সহা করিয়াছিলেন, এই উপবাসজনিত কফেই তাহার সূত্রপাত হইয়াছিল। একদিন বালক স্কুল হইতে -আসিয়া ঝিকে বলিল, "ঝি, আজ আমার বড় ক্ষুধা পাইয়াছে, আমায় কিছু খাবার দিতে পার ?" বি বলিল, "কি দিব, বাছা, কিছই নাই, রাত্রে রানা হইলে থাইবে।" অনাহারে শুক্ষমুথে পড়িতে পড়িতে দিগম্বর ঘুমাইয়া পড়িলেন, কেছ তাঁহাকে জাগাইয়া খাওয়াইল না। পর

দিন প্রাতে দিগম্বর দাঁড়াইতে পারেন নাই,--ঝিকে বলিলেন, "আমার বড ক্ষুধা পাইয়াছে, আমায় চারিটি চাল দেও. আমি রানা করিয়া খাই।" বি চারিটি চাউল দিল, দিগন্বর তাহা চড়াইয়া দিয়া মনে করিলেন, সেই বাড়ীর গাছে বড বড করম্চা হইয়াছে, তাহার ক্যেকটা ভাতে দিলে খাইতে পারিবেন। এই মনে করিয়া করম্চা ভাতে পাক করিলেন। আহার করিতে বসিয়া ঝির নিকট এক-টুকু লবণ চাহিলেন। ঝি বলিল, "কুন বাসায় নাই, বাজার হইতে আনিতে দেরি হইবে।" দিগম্বর ভাত খাইতে আরম্ভ করিয়া দেখিলেন, লবণাাবে ভাত অত্যস্ত বিস্বাদ হইয়াছে । নুন পাইবেন না জানিলে তিনি করম্চা ভাতে দিতেন না। এখন আর খাইতে পারেন না। উপবাদী দিগম্বরের ভাত মুখে

তুলিতে চক্ষু জলে ভরিয়া গেল। ভাত 'আর খাওয়াহইল না। দেই দিন বড় কফ হইল, দিগম্বর পুঁথি কয়েকথানি লইয়া আবার ভাঁহার প্রথম আশ্রয়, মহাকুভব প্রেমলাল নাগ মহাশয়ের নিকট ঘাইয়া কাতরভাবে বলিলেন, ''আমার কোন স্থানে থাকিবার স্থবিধা হইল না. আমাকে আগ্রু দিনু।" প্রেম-বাব , সাঞ্চেচফে দিগম্বরকে আলিঙ্গন করিয়া বলিলেন, "বাছা, তোমাকে তাড়াইয়া দিয়া আমি বড় অনুতপ্ত হই-য়াছি, ভূমি আমার এইখানেই থাক।" এই অবধি দিগম্বরের বাদস্থানের কন্ট দুর হইল।

দিপ্ষর এই সময় পূজার ছুটিতে এক বার মাতুলালয় গিয়াছিলেন। মাতুল মহাশয় এক দিন তাঁহাকে বলিলেন, "দিগম্বর, কল্য প্রাতে তোমায় লুচি ভাজিতে হইবে, সকাল সকাল স্নান করিয়া প্রস্তুত হও।" প্রাতে একটুকু মেঘ হওয়াতে রৌদ্র উঠে নাই, দিগম্বর কাপ্তথানি পরিয়া স্নান করিয়া চাদর-খানি পরিলেন ও কাপড শুকাইবার জন্ম অপেক্ষা করিতে লাগিলেন। রৌদ্র না উঠাতে বিলম্ব হইতে লাগিল, দেরি দেখিয়া মাতৃল মহাশয় দিগম্বরকে খুঁজিতে বাহির হইলেন। দুর হইতে মাজুলকে দেখিতে পাইয়া দিগন্বর অতি তাড়াতাডি অর্দ্ধসিক্ত কাপডথানি পরিয়া ফেলিলেন. এবং মাতুল মহাশয়ের নিকট উপস্থিত হইলেন। মাতৃল মহাশয় কাপড়ে হাত দিয়া বুঝিলেন, উহার অনেকটাই তুকায় নাই। তিনি তাঁহাকে ভিজা কাপ্ড ত্যাগ করিতে বলিলেন। দিগম্বর নিরুত্তর রহি-লেন; মাতৃল জিজ্ঞাদা করিলেন, "তোমার ক'থানি কাপড় ?" বারংবার জিজ্ঞাদা করাতে দিগম্বর বলিলেন, "আমার এক 'থানি কাপড় ও একথানি চাদর।" ইহাই তাহার স্কুলে যাওয়ার ও সর্বাদা পরিবার সম্বল, এবং ইহাতেই তাঁহার বৎসর কাটে। সাডুল সহাশার হুদয়াবেগে দিগম্বরের গলা জড়াইয়া শিশুর ভায় কাঁদিতে লাগিলেন এবং তথনই নিজে বাজারে যাইয়া ৪ জোড়া কাপড় এবং ৪ জোড়া চাদর কিনিয়া তাঁহাকে দিলেন। দিগম্বর বারু বলিতেন, "দেই অবধি আমি কাপ-তের ক্রু পাই নাই।"

এই দরিত্র কিন্তু তুঃখদহিফু বাল-কের অদম্য অধ্যবদায়ের বিষয় কি বলিব, এফ এ পর্যান্ত তিনি যত পুস্তক পড়িয়া-ছেন, ভাষার এক থানিও ছাপা পুস্তক নহে। ছাপা বই কিনিবার তাঁহার অর্থ-সংস্থান ছিল না। দিগম্বর নিজ হাতে সমস্ত পাঠ্যপুস্তক নকল করিয়া লইয়াছিলেন। বহু কক্টে লিখিত বহুবর্ধের পুঁথিওলি
তিনি অতি যত্নে রাখিয়াছিলেন। ইউক্রিডের জ্যামিতি এবং দাহিত্য, ভূগোল
প্রভৃতি দকল পুস্তকই তিনি হাতে লিখিয়া
লইয়াছিলেন। উদীয়মান প্রতিভাকে
দারিদ্র্যে আরও বর্দ্ধিত করিয়া দেয়,দিগম্বরের
জীবনে আমরা দর্মদা ইহা লক্ষ্য করিবার
ম্রবিধা পাইয়াছি।

তিনি যথন প্রথম প্রেণীতে পড়িতেন, তথন সহপাঠিগণ তাঁহাকে জুতা পরিতে বিশেষ অন্থরোধ করিলেন। ক্লাদের সকল ছেলেরই পায় জুতা, দিগম্বর তাঁহাদের সাগ্রহ অন্থরোধ অর্থাভাবে রক্ষা করিতে পারেন নাই। কিক প্রথম প্রেণীতে উঠিলে সহপাঠিগণ-বিশেষ পাঁড়ন আরম্ভ করিলেন ও চাঁদা তুলিয়া তাঁহাকে জুতা কিনিয়া দিবেন এরূপ অভিপ্রায় প্রকাশ করিলেন। অগত্যা

দিগম্বর ॥ ১/০ আনা মৃল্যে এক জোড়া

• জুতা কিনিতে বাধ্য হইলেন। কিন্তু

দিগম্বর বলিয়াছেন, তিনি সেই জুতা হুই

এক দিন পরিয়া আর পরিতে পারেন নাই

— 'আমি জীবনে জুতা ব্যবহার করি নাই,
প্রথমে জুতা পরিয়া পায়ে বড় বড় কোফা
পড়িল, তাহা সারিতে ২।০ মাস লাগিয়া
ছিল।"

এই আখ্যায়িকার সমস্ত র্ভান্তই আমরা তাঁহার মুথে শুনিয়াছি। যথন এঞ্জলি আমাদিণকে বলিয়াছেন, তথন তাঁহার আয় রাজার মত। নিজের পূর্ব জীবনের দৈন্তের বিষয় উল্লেখ করিতে সাংসারিক বর্দ্ধিয়ু ব্যক্তিগণ লজ্জাবোধ করেন-নাকস্ত দিগন্থর হীন অবস্থাতে যেরপ, অবস্থাপন হইয়াও ঠিক দেইরপ ছিলেন। তাঁহার সারল্য দৈশু ও একান্ত আড্স্বর্শুভাতা, এই জন্মই তাঁহার বন্ধু-

বর্গের অকপট শ্রদ্ধা আকর্ষণ করিতে পারিয়াছিল।

শৈশব ও প্রথম যৌবনে দিগদ্বর

আম বস্ত্রের কউ পাইরাছিলেন, এজন্য

তিনি শেষে অমবক্র দানে এরপ মুক্ত
হস্ততা নেথাইয়া গিয়াছেন। যদি
ভানতেন, কেহ ধায় নাই, কাহারও
পারবার কাপড় নাই, দিগদ্র তথন

উতলা হইয়া পড়িতেন, দে কথা আমরা
পরে লিখিব।

দিগখর ৪১ টাকা রভিপাইয়াছিলেন,
তাহা পুর্বেই উল্লিখিত হইয়াছে। এই
রভি ৪ বংসরের জন্ম ছিল, কিন্তু তিনি
তিন বংসরে এণ্ট্রাম্স পরীক্ষা জন্ম
প্রস্তুত হইলেন। পাছে শীড়া কিংবা
অন্ম কোন বাধায় এক বংসর নন্ট হয়,
তাহা হইলে পড়া চলিবে না এই
আশকায় এক বংসর হাতে রাখিয়াদিগখর

পরীক্ষার জন্ম প্রস্তুত হইলেন। এণ্ট্রান্স 'পরীক্ষা প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়া ১০১ টাকা ব্বত্তি পাইলেন, এখন এক বৎসৱের জন্ম তাঁহার ছাত্রবৃত্তি ৪১ টাকা এবং এন্টান্সের রতি ১০১ টাকা একুনে ১৪১ টাকা মাদিক বৃত্তি পাওয়ার কথা; কিন্তু প্রিন্সিপ্যাল দাহেব বলিলেন, "চুই বুতি এক সঙ্গে পাওয়ার নিয়ম নাই, ৪১ টাকার রক্তি রহিত হইবে।" কয়েক-জন প্রফেদার মধ্যে পড়িয়া প্রিন্দিপ্যান সাহেব দ্বারা এ বিষয়টি ডিরেক্টর এটকিন-দন দাহেবের বিচারাধীন করাইলেন। ডিরেক্টর আদেশ করিলেন, এ বিষয়ে স্থুস্পাষ্ট কোন নিয়ম নাই, স্থুতবাং এ ছাত্রটি ফুই বুত্তিই পাইবে। ভবিষ্যতে কেহ এ ভাবে তুই বৃত্তি পাইবে না, এ বিষয়ে তখনই দারকুলার হইল। এই ১৪_১ টাকার সমস্তই তিনি মাতাকে পাঠাইতেন। ইহার কিছু পূর্বেব তাঁহার পিতৃবিয়োগ
ঘটে। ছল্মবেশধারী পিতা দিগম্বর বাড়ী
আসিয়াছে শুনিয়া তাহাকে দেখিতে
আসিয়াছিলেন। দিগম্বরকে পাইয়া তিনি
কত স্থবী ইইয়াছিলেন,—কিন্তু সেই
দিনই তাঁহাকে সম্যাস রোগে ইহসংসার
পরিত্যাপ করিতে হয়। দিগম্বরের
নিজের মৃত্যুও এইরূপ শোচনীয় ভাবে
ঘটিয়াছিল, তাহা পরে বর্ণিত ইইবে।

তিনি ফাউ আর্টদ পরীক্ষার সময় জ্বরোগে আক্রান্ত হন, তথাপি কোনও রূপে পরীক্ষা দিতে প্রস্তুত হইলেন, অক্কের পরীক্ষার দিন কোন সহাধ্যায়ী ক্ষুপ্রবর দিগভারের লিখিত উদ্পঞ্জল চুরি করিয়া এক বিআটের অভিনয় করেন, এইরপ নানাকারণে পরীক্ষার আশানুরপ ফললাভ হইল না। যদিও পরীক্ষায় ভালরপ উতীর্ণ হিইলেন, তাঁহার ভাগ্যে

এবার রুত্তিলাভ ঘটিল না। পরীক্ষার পর দিগম্বরের মাতাঠাকুরাণী তাঁহাকে চাকরি লইতে বাধ্য করিলেন। টাকা বেতনে তিনি বহরমপুর স্কুলের হেডমান্টারী পদ গ্রহণ করিলেন। তিৰি প্রায়ই বলিতেন, এই ৬০১ টাকা বেভনে চাকরি করার কালে তিনি যেরূপ স্থশী ছিলেন, জীবনে আর সেরপ স্থথ ঘটে নাই। এক বৎদর মাত্র তিনি মাতৃপাদ-পদ্ম পূজা করিতে পাইয়াছিলেন, মাতার কথা কহিতে ব্লকালেও তাঁহার কণ্ঠ মেহে কাতর হইত, তিনি শিশুর মত হইয়া যাইতেন। এক বৎসর পরে মাতৃবিয়োগ হইলে, তিনি ওকালতি পাশ করিয়া প্রথমতঃ ২৪ পরগণায় আদিলেন; তথায় হাপানি রোগের অত্যন্ত বৃদ্ধি হওয়ায়, দিগম্বর ফরিদপুরে ওকালতী আরম্ভ . করিলেন।

তখন ফরিদপুর নতন জেলা হইয়াছে, মোক্তারগণের অসাধারণ পদার এবং প্রতিপত্তি। বড় বড় উকিলগণও মোক্তার-বৰ্গকে ভোষামোদ ও যথেষ্ট মৰ্ঘ্যাদা প্রদান করিয়া স্বীয় পদার অক্ষুণ্ণ রাখিতেন। অনেকস্থলেই মোক্তারগণ উকিল্দিগের প্রাপ্য হইতে শতকরা 🗣 ৌচাকা কাটিয়া রাখিতেন। নবযৌবনদপ্ত, সাহসী ও প্রতিভাশালী দিগম্বর নানারূপ বিম্ন ও শক্রতা দলিত করিয়া অতি শীঘ্র উকিল-গণের সম্মান প্রতিষ্ঠিত করেন। প্রথমতঃ প্রতিপক্ষীয়গণের বাধায় তিনি ফরিদপুর ছাড়িয়া যাইতে কতদক্ষ হইয়াছিলেন, শুধু মোক্তারবর্গ নহে, রন্ধ উ্তলগণ পর্যান্ত দিগম্বরকে অপদস্ত করিয়া, তাডিত করিবার জন্ম বিশেষ যত্নপর ছিলেন। কেহ কেহ হাকিমগণের নিকট বিচারালয়ে এই ভাবে বক্তা করিতেন, "হুজুরের

অবিদিত কোন আইন নাই, এই বালক ' হুজুরকে আইন শিখাইতে আদিয়াছে, ইহার প্রত্যেক কথা ধ্রফ্টতাপূর্ণ। হুজুর ইহাকে কখনই প্রশ্রম দিবেন না।" কিন্ত ষভযন্তা বিফল হইল, ফরিদপুরে তাঁহার সময়ে যে সকল হাকিম আদিয়া-ছেন, প্রত্যেকে মুক্তকণ্ঠে বলিয়াছেন, প্রবিঙ্গে এরপ আইনজ প্রতিভাশালী উকিল আর নাই। নজির প্রদর্শনে তাঁহার বিশেষ অধিকার ছিল। তথনকার শ্রেষ্ঠ উকিলগণের নিকট শুনিয়াছি-দিগম্বর বাবু নথিপত্র দেখিয়া মোকদ্দমা এরূপ নূত্র ভাবে দাঁড় করিতেন, তাহা আইনের এরপ স্বদুঢ় ভিত্তিতে স্থাপিত হইত যে, প্রতিপক্ষের উকিলগণ তাঁহা-দের অচিন্তিত এক নূতন মূর্ত্তিতে মোকদ্মাটি দেখিয়া একবারে হত-্বৃদ্ধি হইয়া পড়িতেন এবং হাকিমবৰ্গ

তাঁহারই প্রদর্শিত পথে পরিচালিত **ছইতেন। গুহে তিনি মু**ত্ন ও কমনীয় স্বভাবের জন্ম খ্যাত ছিলেন। তাঁহার কথা সলজ্জ সম্ভ্রমে একেবারে বাধ বাধ হইয়া যাইত, বিনয়পূর্ণ ভাষা অতিশয় ভদ্ৰতায় কণ্ঠে যেন বিলীন হইয়া বাইত; কিন্তু বিচারালয়ে এই মুতু স্বভাবাপন্ন ব্যক্তিটি সিংহবিক্রান্ত হই-তেন। তিনি জজ এবং স্বজজের আদালত ভিন্ন কথনও ম্যাজিটেট. মুম্পেফ কিংবা ডেপুটা ম্যাজিষ্টেটের বিচারালয়ে যান নাই। প্রচুর অর্থের প্রলোভন উপেক্ষা করিয়া তিনি খীয় সম্মান অপ্রতিহত রাখিয়াছেন। এতদা-ভীভ অপর্যাপ্ত অর্থ প্রাপ্তির স্থােগ গত্ত্বেও তিনি মফঃস্বলে ঘাইতে স্বীকৃত হন নাই। বেধি হয়, তাঁহার ভগ্ন স্বাস্থ্যের জম্মই এই সকল হুযোগ ভাঁহাকে প্রত্যা- .

খানে করিতে হইয়াছে। তিনি দরিদ্র ও অক্ষম ব্যক্তির কার্যা অনেক সময় অর্থ গ্রহণ না করিয়া নিজে নানারূপে ক্ষতিগ্রস্ত হইয়াও করিয়া দিয়াছেন: কিন্তু সম্পন্ন মকেলের নিকট তাঁহার দাবী এক কপর্দ্দকও ব্রাস করেন নাই। তাঁহার দাবী এত বেশা ছিল যে, তাহা একরূপ নিষেধাত্মক বলিলেও অত্যক্তি হয় না। অথচ তাঁহার কার্য্যের অবধি ছিল না। তিনি যাহার কার্যা হাতে লইতেন, প্রাণান্ত পরিশ্রম করিয়া তাহা স্থদপদ্ম করিতেন। তাঁহার হাতে মোকদ্দমাটি দিতে পারিলে মকেল একবারে নিশ্চিন্ত হইতে পারিত। ভাঁহার অক্লান্ত পরিশ্রমের কথা লিখিয়া শেষ করা যায় না। ইহা কাহারও অবিদিত নহে, কাঞ্চনপুরের সাহাদের মোকদ্মার জন্ম অপরিমিত পরিভামই ্ তাঁহার হঠাৎ স্থ্যুর কারণ। প্রাতঃ- কালে তিনি কাহারও সহিত বাক্যব্যয় করিতেন না। বাঁহার ভদ্রতার খ্যাতি দেশব্যাপক ছিল, তিনি কর্ত্তব্য এবং ভদ্রতার সীমা উল্লঙ্গন না করিয়া উভয় বিষয়েরই ক্রিপ আদর্শ হওয়া যায়, তাহার দৃষ্টান্ত দেখাইয়াছেন।

দিগম্বর বাবু প্রচুর অর্থ উপার্জ্জন করিয়াছিলেন। জেলা কোর্টে এত অর্থ উপার্জ্জন অল্লমংখ্যক উকিলের ভারুগ্যই ঘটিয়া থাকে। যে বৎসর তাঁহার মৃত্যু হয়, সে বৎসর তাঁহার অন্ন ৫০ হাজার টাকা আয় হইয়াছিল। মাত্র জজ ও সবজজ কোর্টে যাইয়া তিনি এই াজন্যোগ্য উপস্বজ্জ লাভ করিতেন। কিন্তু তিনি অর্থলোভী ছিলেন না, অর্থ্য তাঁহার লক্ষ্য ছিল না। কর্ত্তব্য ও স্থনীতিই তাঁহার জীবনের আদর্শ ছিল। একবার এক মক্ষেলের কাজ্যের জন্ম তিনি ২০০০.

টাকা অগ্রিম গ্রহণ করেন। এই সময় •ভাঁহার বন্ধ উকিল হরবিলাস বাব আদিয়া বলিলেন, "দিগন্থর বাব, আমার একটি নিজের কার্য্যে আপনাকে এই তুই তিন দিন খাটিতে হইবে।" দিগস্বর বাবু ইহার পূর্বেই অন্সের মোকদ্দমার ভার গ্রহণ করিয়া অর্থ লইয়াছিলেন: কিন্ত ভাহাতে বন্ধকে আপ্যায়িত করিতে তাঁহার ক্রেটি হইল না। তিনি হরবিলাস বাবর অবৈত্নিক কার্যা লইলেন এবং বলিলেন, "আমরও একটি কাজ আপনার করিতে হইবে।" গোপনে মকেলকে ডাকিয়া ২৫০০, টাকা ফিরাইয়া দিলেন এবং বলিলেন, "আমি তোমাদের মোক-দ্মার সুমস্ত পরিশ্রম নিজে করিয়া উপ-দেশ দিব, হরবিলাস বাবু তোমাদের কাজ করিবেন; ইহাকে ৫০০ টাকা দিলেই হইবে। আমার উপদেশাদির

ञ्चविधां भारेटव, व्यथह ट्यामाटमत्र २००० টাকা বাঁচিয়া যাইবে এ" তিনি বন্ধদের জন্ম এইরূপ ত্যাগপরায়ণ ছিলেন। বিচারালয়ে স্বীয় মোকদমার কথা বাতীত হাকিমের মনস্তুষ্টি দাধন জন্ম কখনও একটা কথাও বলেন নাই। এক বার জজ পদ্ফোর্ড দাহেবের দঙ্গে তাঁহার একটুকু বাগ বিত্তা হইয়াছিল। তদবধি তিনি তাঁহার এজলাদে আর যান শই। সেই কোর্টের মোকদ্দমার জন্ম সকেলগণ তাঁহাকে যে কয়েক সহস্ৰ টাকা অগ্রিম দিয়াছিলেন, তাহা তিনি ফিরাইয়া দেন। পদ্ফোর্ড দীর্ঘকাল ফরিদপুরে ছিলেন, এই সমর্গের জ্ঞা দিশবর বাবু শুধু সবজজের আফিসে কাজ করিয়াছিলেন, অথচ তাঁহার আয় থেরূপ দেরূপই ছিল। তাঁহার ওকালতী ব্যবসারে মহত্ত্বের দৃষ্টান্ত আমরা অনেক জানি, সে দকল এখানে বলিবার প্রয়ো
জন নাই। কিন্তু তাঁহার দেবপ্রতিম হলদের

যে দয়া চন্দ্রনশ্যির স্থায় জীর্ণ কৃটার ও

কাঙ্গালের ঘরে পড়িয়। শোভা পাইয়াছে,

এবং তাঁহার যে উন্নত চরিত্রমাধ্র্যা অমর

বর্ণে আমাদের স্মৃতিতে অন্ধিত রহিয়াছে,

তাহাই এ প্রবন্ধে বিশেষ উল্লেখযোগ্য।

তিনি দাড়িম, আম, আক, জাম
প্রস্তৃতি ফলের রক্ষ বাটার ভিতরে রোপধ
করিতে দিতেন না। তাঁহার বাদার বাহিরে
রাস্তার ধারে যে রক্ষগুলি ফলবান্ হইত
দর্শকণ ইচ্ছাক্রেমে তাহা হইতে ফল
পাড়িয়া লইয়া ধাইত। আঅ ও জাম রক্ষশাধা দকল অপরিচিত শিশুমগুলীর পদভরে দর্শরদা কম্পিত হইত। তিনি তাহা
দেখিয়া স্থা হইতেন, এবং বলিতেন,
"যে ফলটি যাহার ভাল লাগিবে,
তাহার দেবায় তাহা অপিতি হইলে

কত আনন্দের বিষয় ! ভগবান্ আমা-দিগকে এমন অবস্থায় রাখিয়াছেন যে, " আমাদের কিনিয়া খাইতে কফ হয় না।"

তাঁহার তিনটি ছাগ ছিল, কাছারি হইতে আদিলে তাহারা তাঁহাকে ঘিরিয়া দাঁড়াইত। সেই পুণ্যচিত্র ঋষির আশ্রমে একটি দুশ্যের মত দেখাইত। তাঁহার বৈকালে সামাত্য জলথাবারের অধিকাংশ তাহাদিগকে দিয়া অল্ল মাত্র অবশিক্তাংশ নিজে খাইতেন। এ দিকে বিপুলদেহ অপর্যাপ্তরূপে হুন্থ ও বলিষ্ঠ ১৬ জন ঘরামি, ৮ জন বেহারা এবং বহুসংখ্যক ভূত্য লুচি মণ্ডা ও দন্দেশের স্তুপ াজু-ভোগের জিনিষ প্রত্যহ থাইত। তিনি তাহা দেখিয়া সস্তুষ্ট হইতেন। . একদা অস্ত্রস্থতানিবন্ধন ডাক্তারের উপদেশে স্থপ প্রস্তুত করিবার জন্ম একটি পাঁঠা কিনিয়া আনিয়া বাড়ীতে গোপনে কাটা

হয়। ইহা জানিতে পারিয়া দিগন্বর বাবু বৈরূপ বিরক্তি দেখাইয়াছিলেন, তাহা কেহ কথনও দেখে নাই। তিনি বাড়ী ছাড়িয়া যাইতে চাহিয়াছিলেন ও অতি বিনীতভাবে বলিয়াছিলেন, "অতে যাহা বিবেচনা করে করুক, আমি বড় তুঃখী, এই তুঃখময় তুচ্ছ জীবনরক্ষার জন্ত যে ছুটিয়া খেলিয়া বেড়ায়, তাহার প্রাণ নত্ত করিব ? তাহার অত্যে আমার মৃত্যুই প্রেমঃ।"

তাঁহার ভূত্য, ঘরামি, বেহারা প্রস্থতিকে সর্ব্বদা বলিতেন, "তোমাদের
দেশে পরিবারবর্গের যেন থাইবার ও
পরিবার কন্ট না হয়"—জনেক
সময়েই 'তিনি তাহাদের পারিবারিক
অভাব মোচনের জন্ম টাকা পাঠাইয়া
দিতেন। সে টাকা তাহাদের বেতন
•হইতে কাটা যাইত না। তাঁহার

বাডীতে বৎসরে অনেক টাকার কাপড ক্রেয় করা হইত ; তিনি অনেক সময়ই বিশেষতঃ গ্রহণাদি উপলক্ষে দরিদ্রদিগকে বস্ত্রদান করিতেন। তাঁহার বাডীতে যে ব্যক্তি কোনও কালে কয়েক দিনের জন্মও থাকিয়া গিয়াছে, পূজার সময় তাহাকেও বস্তাদি পাঠাইয়া দিতেন। বৎসর বৎসর এই প্রভূত বস্ত্র ফরিদপুরের চন্দ্রকুমার নাথ নামক বস্ত্রবিক্রেতার দোকান ইইতে আনীত হইত। অথচ তাঁহার লোক সর্ব্বদা কলিকাতায় যাতায়াত করিত। ফরিদ-প্ররে না কিনিয়া এই কাপড়গুলি কলি-কাতা হইতে আনিলে তাঁহার অন্তেক টাকা বাঁচিয়া যাইতে পারিত। কিন্তু তিনি স্থানীয় দোকানদারগণের আশা করিতে সম্মত ছিলেন না। তিনি চিরদিনই থডের ঘরে জীবন কাটাইয়া গেলেন। তাঁহার তুই তিন মাদের আয়েই পাক বাড়ী হইতে পারিত। বহুদংখ্যক স্থরহৎ খড়ের ঘর যুক্ত বাড়ীতে অগ্নিও চোরের ভীতি সহা করিয়া তিনি আজীবন অস্থবিধা ভোগ করিয়া গিয়াছেন। মৃত্যুর বৎসর তাঁহার আয় ৫০০০১ টাকা হইয়াছিল, অথচ হঠাৎ মরিয়া গেলেন পরে দিস্কুকে মাত্র ২০০১ টাকা পাওয়া গিয়াছিল। এরূপ অজস্র ব্যয়ী হইয়াও তিনি নিজের স্থথের জন্য এক কপদ্দকও খরচ করিতে কুন্ঠিত ছিলেন। একদিন আমাকে বলিয়াছিলেন, "কোটাবাড়ী দিলে ঘরামিগুলি উঠাইয়া দিতে হইবে, কোটাবাড়ীর কথা শুনিলে ইহাদের মুথ কাঁদ কাঁদ হয়, আমি ইহা-দের বহুদিন হইতে প্রতিপালন করিয়া আসিতেছি।"

এই স্বীয় স্থাচন্তাবৰ্জ্জিত একান্ত অনাড়ম্বর ব্যক্তি দরিদ্রদিগকে দান করিবার কালে মহারাজের ন্যায় মুক্ত হস্ততা দেখাইয়াছেন। বৎসর বৎসর অসংখ্য দরিদ্র তাঁহার বাডীতে খাইতে পরিতে পাইত। সেই মহোৎসব-চিত্র-উদ্ভাসিত, দয়াপূর্ণ, দানত্বঃখীর অ্যাচিত বন্ধ দিগন্ধরের মূর্ত্তি যিনি দেখিয়াছেন, তাঁহার মানসপটে তাহা চিরকাল অঙ্কিত থাকিবে। অসংখ্য দরিদ্রমণ্ডলী যেন তাঁহার বড় এক পরিবার, তিনি যেন তাহাদের ভরণপোষণের ভারপ্রাপ্ত কর্ম-চারী। একান্ত অশক্ত শরীরে তিনি নিজে অনেক সময়ে তাহাদিগকে পরি-বেশন করিতেন, ও কোন দীনছঃখীর নিতান্ত জীর্ণশীর্ণ মৃত্তি এবং খাইবার আগ্রহ দেখিলে সাঞ্রেনত হইতেন। এ জীবনে 'সেই দেবমূত্তি ভুলিবার न(रु।

তাঁহার বিনয় ও দৈন্তের দীমা ছিল না। একজন সামাত ব্যক্তি তাঁহার বাড়ীতে গেলেও তিনি নিজে উঠিয়া হাত
প্রিয়া তাঁহাকে তাকিয়ার নিকট বদাইতেন! অভ্যাগত গুরুত্ব্যা, তাঁহার ব্যবহারে এই নীতি আমাদের চক্ষে জীবস্ত
হইয়া উঠিয়াছিল। তিনি সামাত্য একজন
মূহরীকেও কত সম্মান ও আদর
দেখাইয়া নিজ হস্তে তামুল দিতেন!
এদিকে কোন জজ বা ম্যাজিট্রেটও তাঁহার
বাড়ীতে পূর্বেন না আদিলে তিনি আগে
দেখা করিতে যাইতেন না।

দিগদ্বর বাবুর সর্বরপ্রধান গুণ ছিল স্ত্রীলোকের প্রতি মাতৃভাব। স্ত্রীলোককে এত সম্মান করিতে আমি আর কাহা-কেও দেখি নাই। স্ত্রীঙ্গাতি সম্বদ্ধে কথা বলিতে যাইয়া তাহার ভাষা শিশুর ভার কোমল হইয়া যাইত। অনেক সময়ে তার্থবাদিনা রমণাগণের ধর্মবিশ্বাদ ও দয়ালক্ষিণ্যের কথা বলিতে বলিতে তাঁহার মুখে বালকের ন্যায় নির্ম্মলতা প্রকটিত হইত।

দিগন্ধর বাবু একরূপ চিররুগ্ণ ছিলেন। ফরিদপুরে আদা অবধি তাঁহার হাঁপানি রোগ সারিয়া যায়, কিন্ত ১২।১৩ বৎসর যাবৎ তিনি উৎকট বুৰুক (kidney) রোগে কফ পাইতেছিলেন। এই পীড়ায় তিনি সময়ে সময়ে হঠাৎ অজ্ঞান হইয়া পড়িতেন। কয়েকবার মুমুরু অবস্থা হইতে তিনি আরোগ্য লাভ করিয়া ছিলেন। অনেক সময়েই ডাক্তারদের উপদেশ অমুসারে জলের পরিবর্ত্তে 'লিথি ওয়াটার' পান করিতেন। ১৩০৭ সালের জৈষ্ঠা মাসে একদিন তিনি প্রাত্তকাল হইতে ১০টা পর্যান্ত রীতিমত আফিদের জম্ম থাটিয়াছিলেন, কাঞ্চনপুরের মোক-দ্মার নথিপত্রগুলি দেথিয়াছিলেন,— ঞীযুক্ত পূর্ণচন্দ্র মৈত্রেয় ও মধুরানাধ

মৈত্রেয় উকীলম্বয় তাঁহার সম্মথে কাজ-.কর্ম করিতেছিলেন, তাঁহারা তাঁহার কোনরূপ উদ্বেগ লক্ষ্য করেন নাই। আহারের পর কাছারী যাইবার জন্ম বাহির বাডীতে আসিতে পথে স্লেহা-স্পদ গঙ্গাদাসকে দেখিয়া তিনি বলি-লেন, "এত বেলা হইয়াছে স্নান কর নাই যে!" ইহাই তাঁহার শেষ কথা, পরমূহর্তেই তিনি হঠাৎ কাঁপিয়া প্রভিন্ন। দিভিল দার্জ্জন ডাক্তার ফিঙ্ক, এবং অপরাপর ডাক্তার-কবিরাজগণ তাঁহাকে মুমুর্ অবস্থায় দেখিতে আসিয়াছিলেন। কাছারী যাইবার পোষাক ও পাল্কী পড়িয়া রহিল। তৎ-স্থলে গরদের ধৃতি ও শাণানশয্যা আনীত হইল।

তাঁহার মৃত্যু আমি স্বেচকে দেখি-য়াছি। যেন একটি বালক ঘুমাইয়া পড়িয়াছিল, এই যদি মৃত্যু হয়, তবে তাহার বিভীষিকা ও যন্ত্রণা কোথায় গ তাঁহার সেই সময়ের চিত্র দেখিয়া শ্মশান-শ্যাায়ও তাঁহাকে স্থস্থপ্নে বিভোর হাস্থ্রমুখ নিদ্রিত ব্যক্তি বলিয়া ভ্রম জিমিবে। এই সহাস্ত আনন আমরা চন্দনার্দ্র করিয়া দিয়াছিলাম, তাঁহাকে গরদের ধৃতি পরাইয়া গলদেশে রঙ্গন-ফুলের মালা দোলাইয়া দিয়াছিলাম। যথন রঞ্জিতমশারিশোভিত স্থন্দর খট্টায় হাসিমুখে মাল্যকণ্ঠে দিগম্বর শাশানে যাতা। করিয়াছিলেন, তখন সে দেবমুত্তি দেখিয়া সকল লোকেই বলিয়াছিল—''কি শান্তিময় মুত্য : যম তাহার স্বাভাবিক বিভীষিকা প্রিত্যাগ করিয়া এই দেবপুরুষকে দেবলোকে লইয়া যাইতেছে।"

সে দিনের শোকোচছাস ভূলিব না,

বাজারের অনেক লোক তাঁহার নানা গুণ কীর্ত্তন করিয়া উচ্চৈঃস্বরে কাঁদিয়াছিল। আত্রবিক্রেতৃগণ বালকের স্থায় লুটাইয়া কাঁদিতেছিল: রোজ ১৫।২০ টাকার আম তাহারা আর কোথায় বিক্রয় করিবে! দরিদ্র, পঙ্গ, অন্ধ "আজ অনাথ হইলাম" বলিয়া হাহাকার করিতে লাগিল। তাঁহার স্বর্গারোহণে সমস্ত ফরিদপুরবাসী লোকরন্দের ব্যাকুলতা, তাঁহার শ্যালকপুত্র শরতের তীব্র চীৎকার, গাভী ও ছাগলগুলির সাঞ্রেনেত্র নিষ্পন্দতা প্রভৃতি মিলিত হইয়া দে স্থানটিকে যেরূপ করুণ রদের সজীব প্রতিকৃতি করিয়া তুলিয়াছিল, তাহা ভুলিবার নহে। আর শোকের প্রতিমূর্ত্তি নিঃসন্তান অয়মাণা অনাথিনীর ছবিখানি, আমাদের নিকট যে হৃদয়বিদারক শোকের কথা নীরবে প্রচার করিতেছিল, তাহা হৃদয়ে চিরমুদ্রিত

थाकिरव। स्मेरे मिन क्तिमश्रुरतत শিরোরত্ব খসিয়া পড়িয়াছে। চরিত্রবান । ব্যক্তি শুধু স্বীয় পরিবারের জন্ম নহেন, বিশ্বপ্রেমে তাঁহার সহিত সংসারের এক নিগ্ৰ বন্ধন স্থাপিত হয়, ইহা দে দিন সম্যক উপলব্ধ হইয়াছিল। তাঁহার মৃত্যুর সংবাদ প্রচারিত হইবা মাত্র সমস্ত আফিদ বন্ধ হইয়াছিল, দোকানীরা দোকান বন্ধ করিয়াছিল, আর সকলেই মনে করিতেছিল, "আমার পর্ম বন্ধ গেল।" পুত্রতুল্য স্নেহের পাত্র হৃদয়, শরৎ এবং যোগেশ বাবুর যেরূপ শোক হইয়াছিল, আমরা তাঁহার কেহ না হইয়াও দেদিন দেইরূপ ুণাক অকুভব করিয়াছিলাম। ফরিদপুরের উকীলগণ তাঁহার মৃত্যু উপলক্ষে যে সভা করিয়াছিলেন, তাহাতে কেহই কিছ বলিতে পারেন নাই। হরিশ বাব

দাঁড়াইয়া বালকের ন্যায় কাঁদিতে
লাগিলেন, স্বনামখ্যাত বাথ্যীপ্রবর অফিকাচরণ মজুনদার মহাশয়ের খেতশাঞ্জ
বহিঃা অঞ্চধারা বহিতে লাগিল। ভাঁহার
বান্মিতা কোথায় ভাসিয়া গেল, নীরব
শোকের অভিব্যক্তি যেন শব্দবিহীন
ব্যাকুলতা দ্বারা সভাটী সার্থক করিয়া
ভূলিল।

আমরা অনেক সময় সায়ংকালে তাঁহার
নিকট গিয়াছি, এখন সেই সাল্প্য সাম্দ্রলনের কথা মনে পড়ে। দিগন্ধর বাবু
মধুর কথার তীর্থযাত্রার কথা কহিতেন।
তিনি অনেক তীর্থপরিভ্রমণ করিয়াছিলেন।
ঝাষর আশ্রমের কথা, তীর্থবাসিনী পরছঃথকাতরা রমণীগণের কথা, প্রাকৃতিক
বিচিত্র দৃশ্যাবলার কথা, বৃন্দাবনের শেঠদের কথা প্রভৃতি কত কথা কহিতেন।
তিনি শাস্ত মধুর ভঙ্গীর সহিত যে

নীতি ও ধর্মের কথা বলিতেন, তাঁহার চরিত্রের জ্যোতিতে তাহা আরও উজ্জ্বল হইয়া উঠিত, দেই সাদ্ধ্যসন্মিলন কি মধুর ছিল! কত সঙ্গীত, কত বক্ততা ও কত কোড়ক-মুখরিত সভাসমিতিতে গিয়াছি। কিন্তু একনিবিফটিতত বদিয়া এই সজ্জন মহোদয়ের নিকট যে উপ-দেশময়ী কাহিনী শুনিয়াছি ও তাহাতে যেরূপ চিত্ত নির্মাল হইয়া গিয়াছে, এরূপ আর কিছতেই হয় নাই। লোকের অশ্লা-ভাবের কথা বলিতে যাইয়া দিগম্বর সর্ল কথায় আমাদের হৃদয় স্পর্শ করিতেন. ত্রভিক্ষপীড়িত কঙ্কালদার মনুষ্য আফাদের একান্ত পরিজনের মত বোধ হইত ও তাহা-দের কথা ভাবিয়া হৃদয় ভাঙ্গিয়া **ঘাই**ত। ক্ষণেকের জন্ম পরের চুঃখ নিজের মৃত বোধ হইত, নিজের তুঃথ পরের তুঃখের মত বোধ হইত। মমুদ্যের দেবার জন্ম

কিরপ প্রাণ দিতে হয়, দিগদর তাহা
'দেখাইয়া গিয়াছেন। তাঁহার আত্মীয়েরা
কাঁদিয়া বলিয়াছিলেন, "হায়! তিনি
আমাদের সেবার জন্ম দেহপাত করিলেন,
কৈ আমাদের দেবা ত একদিনের জন্ম ও
গ্রহণ করিলেন না।"



হরিহর বাইতি

(ধৰ্মমঙ্গল কাব্য হইতে গৃহীত)

ু জুশ্চর তপঃদাধনার পর, লাউদেন হাকণ্ড নামক স্থানে সূর্য্যদেবের কুপালাভে সমর্থ হইলেন; সুর্য্যদেব পশ্চিমে উদিত হইয়া গৌডুবাসিগণের নিকটে লাউদেনের তপঃপ্রভাব প্রমাণিত করিবেন, এই বর-দান করিয়া ভক্তকে আশ্বন্ত করিলেন। ধর্মচাকুরের পূজার ক্রটির জন্ম গোডে অতিরৃষ্টি হইয়াছিল। তথাকার অধিবাদি-গণ জৰ্দশার চরম অবস্থায় উপন্তি হইয়াছিল। সহসা একদিন বিশ্বিত কৃষক লাঙ্গল হস্তে দেখিতে পাইল,--উষা পশ্চিমের নভঃস্থল স্বর্ণবর্ণমণ্ডিত করিয়া অপূর্ব্ব ফুন্দরীর বেশে বিশ্বের দিকে চাহিয়াছেন,—এই অচিন্তিত-পূৰ্ব

প্রাকৃতিক লক্ষণে গৌড়ের ঘরে ঘরে শুভ 'শভা বাজিয়া উঠিল। পশ্চিমে উদিত সূর্য্যগোলকদর্শনে গৌড়বাদী হরিহর বাইতি আনন্দে স্বীয় ক্ষেত্রে দাঁড়াইয়া मुर्गारमवरक थागांग कतिल। এ मुर्गा — অসম্ভবের সংঘটন,—এ দুশ্যের ছটায় হরিহর বাইতি মুগ্ধ হইরা গেল।, যে দিক হইতে উষা প্রতিদিন উদিত হন-আজ:দে দিক্ উষার মন্দীভূত প্রতিফলিত কিরণে মণ্ডিত হইয়াছে, কিন্তু পশ্চিম-দিগবিভাগ তরুণ সূর্য্য অঙ্কে লইয়া এক দিবদের জন্ম অপূর্ব্ব গৌরবে উদ্ভাদিত হইয়া উঠিয়াছে। সূর্য্যের এই পশ্চিমো-দয়ের প্রধান সাক্ষী হরিহর বাইতি। হরিহর. ভাল করিয়া এই অতুল্য তপঃপ্রভাবের মহিমা দেখিয়া রাখ, কেছ জিজ্ঞাদা করিলে এই আশ্চর্য্য কথা জ্ঞাপন করিতে কিছুমাত্র দিধা বোধ করিও না। তুমি প্রতিদিন প্রাতে এক লক্ষ হরিনাম
জপ করিয়া থাক, তুমি গোঁড়ের একজন
প্রথান মগুল। আজ যে পুণ্যুদুশ্চ
দেখিলে, তাহা ভাল করিয়া শ্মৃতিতে
অক্ষিত করিয়া রাধ, রাজঘারে এ কথার
সাক্ষ্যের জন্ম তোমার আহবান হইতে
পারে, তথন ছিধা-কম্পিতস্বরে মার্ভগুদেবের এই অসম্ভব কাগুকে চক্ষের ধাঁধা
বলিয়া জিহবা কলক্ষিত করিগুনা।

বলিয়া জিহবা কলস্কিত করিও না।

লাউদেন গৌড়ে প্রত্যাগত হইয়াছেন; উৎকট তপশ্চরণজনিত পুণ্যের
জ্যোতিঃ তাঁহার শুল্র ললাট হইতে
শিখার স্থায় বিচ্ছুরিত হইতেছে;
তাঁহাকে দেখিতে লোকে লোকারণ্য;
স্বন্ধং পুণ্যের প্রভা লাউদেনের
বরণীয় ম্ভিতে একটি অথগু স্বর্গীয়ন্ত্রী
প্রদান করিয়াছে। গৌড়েম্বর আহলাদে
লাউদেনকে অভিনন্দন করিয়া লইলেন।

মহাপাত্র মাহুতার চক্ষে দেই দুষ্ট 'অসম্ভ হইল : রাজসকাশে অগ্রসর হইয়া মাছতা নিবেদন করিল-"মহারাজ, বালকের কথায় কি অসম্ভব অলীক গল্পে বিশ্বাদ স্থাপন করিতেছেন ! পশ্চিমে সুর্য্য উদিত হন, এ কথা কি বিশ্বাস্ত ? এই বালক যে সকল কথা আপনাকে বলিল. তাহার সমস্তই রূপকথা। নিজের মুগু-চ্ছেদন করিয়া ত্রেভায় রাবণ তপস্থা করিয়াছিল। জগতে এরূপ তপস্থার কথা আর শোনা যায় না। এই বালক স্বীয় শিরশ্ছেদ পূর্বক ধর্মের আরাধনা করি-য়াছে-এরপ অসম্ভব কথার সাক্ষী কে ? শামুলা স্ত্রীলোক, অতিরঞ্জন ও মিখ্যা রমণীজিহ্বার অলঙ্কার, আপনি কেন এমন সকল কথা বিখাস করিতেছেন ? কপিল, পরাশর, মার্কণ্ডেয় প্রভৃতি ঋষিগণ যাহা , পারেন নাই, এই বালক তাহাই সিদ্ধ করিয়াছে! সূর্বাদেব ত একমাত্র হাকণ্ড
কিন্তা মরনাগড়ের নহেন, বিশ্বের সমস্ত লোক তাঁহার উদয়ের সাক্ষী, কে কবে দেখিয়াছে যে, সূর্বাদেব পশ্চিমে উদিত ইইরাছেন ! লাউদেনকে জিজ্ঞাসা করুন,

তাহার সাক্ষী কে ?
লাউদেন ছির গান্তীর্ঘ্য সহকারে
বলিলেন—আমার মিথ্যা বলার অভ্যাস
নাই—আমার সাক্ষী হরিহর বাইতি।
রাজা হরিহর বাইতিকে তথনই
রাজসভায় উপস্থিত করিতে আদেশ
করিলেন। মহাপাত্র মাত্রদায় অগ্রসর
ইইয়া বলিল—হরিহর অদ্য এক দূর
পলীতে কোন বন্ধর পিভূপ্রান্ধের
নিমন্ত্রণ রক্ষা করিতে গিয়াছে, তাহাকে
কল্য দিপ্রহরে হাজির করিয়া দিব।

যে পর্যান্ত হরিহরের প্রমাণ গৃহীত না হয়, সে পর্যান্ত লাউদেন এরূপ অসম্ভব গল্প হৃষ্টি করার অপরাধে বন্দী থাকিবেন।

রাজসভা ভঙ্গ হইল। গোঁড়বাসীর
শৃদ্ধিত চকু লাউদেনের জন্ম মূল্মূল্থঃ
জলভারাছের ইইতে লাগিল; কিস্ত লাউদেন প্রফুল্লচিত্ত;—ছ্শ্চরতপা লাউ-দেন পার্থিব ছঃখ-বিপদ্কে একেবারেই গ্রাহ্ম করিলেন না; বন্দীর তৃণশ্যা এবং রাজপর্যাক তাঁহার চক্ষে তুলা, ধর্ম্মে অচলা ভক্তি তাঁহার ভাক্মের চির-উৎসম্বরূপ। তিনি যে কারাগৃহে প্রবেশ করিলেন, তথায় তাঁহার সঙ্গে যেন নিবিড় ছর্জেন্য অন্ধকারে একটি উজ্জ্বল আনন্দের কিরণরেখা প্রবেশ করিল!

মান্ত্ৰ্যা গৃহে প্রত্যাবর্ত্তন করিয়া হরিহর বাইতিকে গোপনে ডাকিয়া আনিল। মান্ত্ৰ্যা-বর্ণিত তাঁহার বন্ধুর পিত্ঞাদ্ধের নিমন্ত্রণব্যাপার মিধ্যা, হরিহরকে করায়ন্ত করিয়া লইবার অব-কাশের জন্ম এই কথা মহাপাত্রের উদ্ভান ' বিক্ত একটা কোশল মাত্র।

হরিহর উপস্থিত হইলে, মালুদাা তাহাকে ছুই শত টাকা ও দ্বাদশটি মোহর প্রদান করিয়া বলিল, কল্য রাজ-শভায় তাহাকে বলিতে হইবে, পশ্চিমে সূর্য্য উদিত হয় নাই। এই কথা বলার পর হরিহর বাইতি বিপুল অর্থ পাইবে. অদ্যকার এই সামান্ত অর্থ তাহার পুরকারের দূচনা মাত্র। হরিহর অসম্মত হইল; কিন্তু মহাপাত্র বলিল-"অর্থ ই সর্ববর্ণমার, এই অর্থদারা পূজা, অর্জনা ও তীর্থ ভ্রমণ করিয়া গৃহস্থগণ পরলোকে স্বৰ্গস্থৰ ভোগ করিয়া থাকে। 。অর্থো-পার্জনকালে কেহই একান্তরূপে সভা পালন করিতে সমর্থ হয় না-একান্ত-সভ্যনিষ্ঠ ব্যক্তির পক্ষে উপার্জন সম্ভবপর নহে, অথচ অর্থোপার্জন না করিলে দমস্ত ভাবী পুণ্যসঞ্চরের মূলে কুঠারাঘাত করা হয়, তুমি ভাবিয়া দেখ, এই অর্থ উপেক্ষা করা তোমার উচিত কি না, তোমার অবস্থা তেমন ভাল নহে।"

হরিহর বাইতির মনে একটু একটু করিয়া লোভের উদয় হইতেছিল। স্থ্যালোকের শেষ রেখা যেরপা ধরিত্রীর বক্ষঃ হইতে একটু একটু করিয়া মুছিয়া যায়, অর্থের প্রলোভনে তাহার পুণার বলও তেমনই ক্ষীণতাপ্রাপ্ত ইতেছিল; এই ছই শত মুদ্রা, বাদশটি মোহর এবং আরপ্ত প্রচুর অর্থ মুইর্প্তে তাহার করায়ত হইতে পারে, এবং তাহা হইলে ফোহার অবস্থা কতটা উন্ধত ও সচ্ছল হইয়া উঠিতে পারে, দে অল্লকালের মধ্যে সেই স্বথে বিভোর হইয়া

সরিয়া দাঁড়াইল এবং কে যেন তাহার হলরে আদিল! তৎপঙ্গে কেন নিবিড়া আধারের সত্তা হলরে অকুভব করিল। মাহল্যার যুক্তির সারবত্তা সে যত না হলরঙ্গম করিল, তাহার পার্বত্ত অর্থপূর্ণ-থলিয়ার মৌন আমন্ত্রণে দে তদপেক্ষা অধিকতর আকৃষ্ট হইল।

ভাবিয়া চিন্তিয়া হরিহর বাইতি বলল—"তবে দিন্ থলিয়াটি, আণানার উপদেশ মানিয়া চলাই আমাদের কর্ত্ব্য, আপনি মুনিব। 'হাঁ' কি 'না' বলা যত সহন্ধ, উপার্জন তত সহজ নহে।" হরিহর বাইতি মাহ্দ্যার নিকট মিথ্যা গলিতে প্রতিশ্রুত হইয়া বাভীতে ফিরিল।

তথন নিদ্রাদেবী শনৈঃ শনৈঃ গোড়-নগর অধিকার করিয়া লইয়াছেন। মাড়-অঙ্কে শিশু যেরূপ শান্তিম্ব্ধা উপভোগ করে, ব্যথিত ও তাপিত ব্যক্তিগণ.

নিশীথিনীর জোড়ে সেইরূপ বিশ্রাম পাইয়াছে: একমাত্র হরিহর বাইতির চক্ষে নিদ্রা নাই—তাহার ব্যথা নিবারণের জন্ম নিশীথিনী স্বীয় মন্ত্রপুত কর বুলাইয়া দিতেছেন না-ভাহার বালিদের নীচে দ্বাদশটী মোহর ও দ্বিশত মুদ্রা পরম পরি-তুপ্তি ও জুঃসহ ব্যথায় জড়িত হইয়া যে উৎকট অধৈর্য্যের সৃষ্টি করিয়াছে,তাহাতে হরিহর বিনিদ্র হইয়া রহিয়াছে। সে কি যেন পাইয়াছে — তাহা যেমনই আনন্দ সহকারে আস্বাদ করিতে যাইবে, অমনি দে কি যেন হারাইয়া ফেলিয়াছে, তাহার অস্পষ্ট বেদনাপূৰ্ণ স্মৃতি সেই আনন্দ-রসাস্বাদের বিদ্ন জন্মাইতেছে।

পরদিন প্রাতে রাজার কোটাল হরি-হর বাইতির বাড়ীতে উপস্থিত হইয়া বলিল, "হরিহর তোমার রাজসভার তলপ পড়িয়াছে—তুমি শীঅ এদ।" হরিহর বাইতি একলক্ষবার হরিনাম জপ করিয়া থাকে; নামজপ পূর্ণ হইলে যাইবে, ইহা জানাইল। রাজার কোটাল যমদুতের স্থায় থারে বসিয়া রহিল।

হরিহর বাইতির স্ত্রী বিমলা আঞ্চ বিমনা: তাহার স্বামী মিথ্যা দাক্ষ্য দিতে যাইবে, বিমলার মুখখানি ছোট হইয়া পড়িয়াছে—দে যেন কি এক গৌরব-স্বৰ্গে স্থাৰ্থ ছিল, আজ ভাহাকে কে দেই মুখের স্থান হইতে তাড়াইয়া দিবে! দে কখনও স্বামীর কার্য্যের প্রতিবাদ করে নাই, কিন্তু আজ মনের কথা না বলিলে বক ভাঙ্গিয়া যাইতেছে। সে আজ পড়দীদের সঙ্গে স্নান করিতে গেল না, গ্রহের এক প্রান্তে সাক্রানেত্রে উদা-সিনীর মত বসিয়া রহিল; তাহার কিছু ভাল লাগিল না-অবশেষে কুম্বকক্ষে একাকিনী মন্থরগতিতে সে জয়-সরোব্যরে উচ্ছ্যাদদীপ্ত রামকৃষ্ণ সম্বন্ধীয় পুস্তিকায়
তাহা লিপিবন্ধ আছে। কেশবচন্দ্রকে
রামকৃষ্ণ বলিয়াছিলেন, বিজ্ঞাপন প্রচার
করিয়া লোক ডাকিয়া বক্তৃতা করিবার
প্রয়োজন,হয় না। ফুল ফুটিলে জনর
সন্ধান করিয়া আপনিই সেই স্থানে
আসিয়া থাকে। প্রকৃত সাধু যে পল্লীতে
বাস করিবেন, নগর ও রাজধানী ত্যাগ
করিয়া লোক দলে দলে বিনা নিমন্ত্রণে
আসিয়া গোহার কথা ভানিয়া যাইবে।

এই একাস্ত নিরক্ষর আক্ষাণ হিন্দুজাতির যে তপঃপ্রভাবের পরিচয় প্রদান
করিয়াছেন, তাহার কণিকামাত্র লাভ
করিয়া এক উৎসাহিত কারস্থযুবক
সমস্ত জুগতে ধর্মাবিপ্লব উপস্থিত করিয়া
গিয়াছেন।





গ্রন্থকারের লিখিত অপরাপর পুস্তক

¥.,	
নাম । । । । । । । । । । । । । । । । । । ।	মূল্য
বঙ্গভাষা ও সাহিত্য	8
রামায়ণা কথা	-40
তিনবন্ধু	3
বেহুলা	Ŋo
ফুলর	Иo
সতী	ho
জড়ভরত	h.
প্রসন্দর্ভ	1/0
History of Bengali Language	
and Literature	281

কতিপয় হতন পুস্তক

শ্রীযুক্ত জগদানন্দ রায়-প্রণীত বিজ্ঞানাচার্য্য

জগদীশচন্দ্রের আবিষ্কার ১॥০ প্রকৃতি-পারচয়

নারীর ভাগ্যচিত্র 🔍

(জনৈক মহিলা-প্রণীত)

সাবিত্রী ॥৵०

(শ্রীযশোদালাল বণিক্-প্রণীত)

সতীকণ্ঠহার ५०

(শ্রীকালীভূষণ মুখোপাধ্যায়-প্রণীত)

প্রাপ্তিয়ান— অতুল-লাইত্রেরী, ঢাকা ও কলিকাতা স্নান করিতে গেল, তাহার চক্ষুর পক্ষেম কয়েকটি অশ্রেণবিদ্দ সংলগ্ন ছিল। কোটা-লের দঙ্গে তাহার স্বামী রাজদভায় যাইবে-মিথ্যা কথা কহিতে। তাহার মনে হইল, শাক-শবজি খাইয়া কুঁড়েঘরে থাকিয়া দে ত স্বৰ্গস্থথে ছিল, দে বড় বাড়ী, ভাল খাওয়া এ সকল চাহে না। "cহ ভগবন, আমার শাকসবজী বজায় রাখ, :আমি কুঁড়ে-ঘরে স্থথে আছি, আমার স্থথ ভেঙ্গ না" বলিয়া বিমলা তু:খিতচিত্তে শূন্য কুম্ভ জলে ভাদাইয়া একাকিনা জয়-সরোবরের জলে নামিল। সহসা একটা দুরাগত করুণ আর্ত্তস্বরে দে চমকিয়া উঠিল, দে দেখিতে পাইল হঠাৎ গগনপ্রান্তে নিরবলম্বভাবে কুষ্মটি-কার অস্পান্ট আচ্ছাদনে আরত সাতটি পুরুষ তাহার প্রতি ইঙ্গিত করিতেছে। তাহাদের ব্যাকুল দৃষ্টি ও ক্ষীণদেহ বিম-

লার মর্মান্থল শেলের মত বিদ্ধ করিল। তাহারা ক্ষীণ আর্ত্তম্বরে বলিল—"বিমলা, আমরা হরিহরের পিতৃপুরুষ, হরিহরের মিথ্যাচরণে স্বর্গ-ভ্রম্ট ছইব--আমাদের আর দাঁড়াইবার স্থান থাকিবে ন। বিমলা, তুমি আমাদিগকে রক্ষা কর, আমরা বড় কাতর হইয়া পড়িয়াছি।" তাহাদের বিবর্ণ মুখ শুক্ষ ও বিশীর্ণ, চক্ষ অঞ্-বিজড়িত; দপ্তপুরুষ এই কথা বলিয়া শৃত্যপথে মিশিয়া গেল। বিমলা স্বপ্নের মত এ কি দেখিল! সে কাঁদিতে কাঁদিতে শুন্ত কুম্ভ কক্ষে লইয়া বাড়াতে

ফিরিয়া আদিল।
তথন হরিহুরের লক্ষ নাম জপ শেষ
হইয়াছে। কোটালের সঙ্গে বাজঘারে
যাইতে হরিহর উগত। এমন সময়,--"আলয় প্রবেশে রামা আউদর চুলে।
পড়িল প্রতির পায় প্রাণ নাহি বাধে।

कि इ'न कि इ'न व'रन छे फ खरत कै।रम । স্থাবিহিত শুন নাথ গবিনয়ে বলি । কি ভার ধনের লাগি ধর্মাদিবে কালী। ধন কডি মান মতা দকলি বিকল। স্পুম পুরুষ আজ যায় রদাতল।" এলায়িত কন্তলে, নাশ্রুনেত্রে, কোমল ভুজলতায় স্বামীর পদ বিজ্ঞিত করিয়া আজ পল্লার অশিক্ষিতা ললনা স্বামীকে সত্য কহিতে উদ্রিক্ত করি-তেছে—"যুধিষ্ঠির স্বয়ং ভগবানের কথায় মিথ্যা বলিয়া শাস্তি হইতে ত্রাণ পান নাই। রাজদ্বারে মিথ্যা বলিও না-আমি কুলবধু কি বলিব ।"-বলিয়া বিমলা কাঁদিতে লাগিল। হরিহর মিথ্যা না বলিলে মাছ-ভার ক্রোধে প্রাণ হারাইবে,—এ সকল কথা বিমলার কর্ণে প্রবেশ করিল না-সে কেবল বলিতে লাগিল—"সত্য পথের সহায় ,ভগবান্, কে কাহাকে মারিতে পারে ?"

হরিহর বাইতি বলিল—"অর্থ ভিন্ন
পুরুষের জীবন বিফল—আমি তোমার'
ফল্লর হস্তে দোণার চুড়ী পরাইব, দোণার
হার তোমার কঠে দিব, ফ্ল্লর ও বহুমূল্য
দাড়ী দ্বারা তোমার কোমল অঙ্গের
শ্রীসাধন করিব" এই সময় কোটাল—
"আর বিলম্ব করিও না" বলিয়া ইাকিতে
লাগিল—লক্ষহরিনাম-জপকারী হরিহর
বাইতি রমণীর প্রতি প্রলোভ্ন্সূচক
বাক্যাবলী অর্দ্ধ সমাপ্ত রাথিয়াই প্রস্থান
করিল।

বিমলার কি এক স্বর্গ খেন ভারিয়া
চুর্গ হইয়া গেল, অসম্ভ কেশগাশে
ধূলিলুক্তিত হইয়া সে কাঁদিতে লাগিল।
হরিহর বাইতি স্ত্রীকে প্রবাধ দিতে
কেন্দ্রীত কুরিয়া দিলা ক্রিকের কি নিজের

হারহর বাহাত স্ত্রাকে প্রবোধ ।দতে চেন্টা করিয়াছিল—দে কি নিজের কর্ত্তব্য বুঝিতে পারিয়াছে ? সে হৃদয়ে একটা গুরুতর ব্যথা অমুভব করিতে লাগিল। তাহার মন প্রতিমুহুর্ত্তে পূর্বব শাস্তি ফিরিয়া পাইবার জন্য উন্মুখ হইয়া উঠিল। মহাপাত্র মাহতার সঙ্গে কল্য দেখা সাক্ষাং হওয়ার পূর্বের তাহার গৃহে ও মনে, যে অব্যাহত একটা শাস্তির জ্যোত প্রবাহত হইতেছিল, পুনরাম্ন তাহাতে অবগাহন করিয়া শীতল হইবার জন্য তাহার মনে একটা নিরতিশন্ন প্রবাদ আক্রাজ্ঞান মৌনভাবে জাগিলা উঠিল।

রাজসভা লোকপূর্ণ। একদিকে বন্দী
লাউদেন দাঁড়াইয়া আছেন। হরিহর
বাইতি সভায় প্রবেশ করার সময় জনরুন্দ একবার দ্বিধাপূর্ণ দৃষ্টিতে তাহার
দিকে মৌনভাবে তাকাইল। নির্মান
প্রসম দৃষ্টি ঘার। হরিহরের অন্তঃকরণ
ধৌত করিয়া লাউদেন একবার তাহার
দিকে চাহিলেন; পৌরজনের আশক্ষাকাতর দৃষ্টি ও লাউদেনের মিন্দ্র কটাক্ষ

সহসা যেন বিমৃত হরিহরের কর্তব্যপথ নিরূপিত হইয়া গেল। পশ্চিমে সুর্য্যো-. দয় দেখিয়াছ কি না, এই প্রশ্ন হওয়ামাত্র অপুর্ব্ব উৎদাহে হরিহর বাইতি বলিয়া উঠিল—"যে পথে সূর্য্যদেব প্রত্যহ অস্ত গমন করেন, আমি সেই পুঁথ হইতে তাঁহার উদয় দেখিয়াছি—দেখিয়াছি পশ্চিম আকাশ তপ্ত স্বর্ণের আভায় উচ্জন হইয়া উঠিয়াছে, প্রত্যুবে আমার গুহের পশ্চিমের ক্ষেত্র স্বর্ণ-ফদলে আঁরত হইয়া উঠিয়াছিল, এমন দৃশ্য আর কখনও দেখি নাই-লাউদেন বাহাতুরকে প্রণাম করিতেছি—ইনি তপঃদিদ্ধ াহা-পুরুষ।" অশ্রেগদ্গদকণ্ঠে অনুভানধোত নির্মালহৃদয়ে—ব্যাকুল দৃষ্টিতে চাহিয়া হরিহর বাইতি কুতাঞ্জলি হইয়া লাউ-সেনকে প্রণাম করিল; দেই মুহুর্ত্তে ভীত্রতম দণ্ডের জন্ম হরিহর প্রস্তুত

হইয়া নির্ভয় হইল। সভাস্থলে সমাসীন শত শত মুখ-নিঃস্ত অম্পন্ট গুপ্তান— মধুকরের সমবেত আনন্দধ্বনির স্থায় তাহার কর্ণে প্রবেশ করিল; মরুভূমির তৃষিত ও শ্রান্ত পথিক স্থান্ত্রিয়া বেঁ আনন্দ প্রাপ্ত হয়, হরিহর সেই আনন্দ প্রাপ্ত হইল।

কিন্তু এদিকে মান্ত্ল্যার ক্রোধবিবর্ণ
মুথ নিবিড় মেঘমগুলের মত হইরা
গিরাছিল—দেই ক্রোধোৎপদ্ধ অশান
হরিহরের মস্তক দ্বিধা বিশীর্ণ করিবে—
তাহা হইতে কে তাহাকে রক্ষা করিবে ?
লাউদেন অভিনন্দিত হইলেন, মান্ত্র্যা
পরাস্ত হইল, হরিহর বাইতি গৃহে
প্রত্যাবর্ত্তন করিল।

দেই দিনই রাজভাণ্ডারের দ্বিশত মুদ্রা ও দ্বাদশটি মোহর চুরির অপরাধে হরিহর বাইতি ধৃত হইল; হরিহর দেই অর্থ ফিরাইয়া দিবার উদ্দেশ্যে যথন সাল্দ্যার গৃহাভিমুখে যাত্রা করিয়াছিল—
সেই সময় পথে কোটাল তাহাকে চোর
বলিয়া ধরিয়া লইয়া গেল। বিচারে
হরিহরের প্রাণদণ্ডের আদেশ হইল।
অইহস্তপ্রমাণ তীক্ষাগ্র শূল তাহার
জন্ম প্রতীক্ষা করিতেছিল, ভয়ে হরিহর
বাইতি মুক্তিত হইয়া পড়িল এবং অবিলম্বে তাহার মৃত্যু হইল, তাহাকে শূলে
চড়াইবার প্রয়োজন হইল না। বিমলা
পতির দঙ্গে সহ্মতা হইল।

ধর্মসঙ্গলকাব্যে লখ্যা ভূমুনী, হরিহর
বাইতি প্রভৃতি বহুসংখ্যক ব্যক্তির
উপাধ্যান দারা দৃষ্ট হয়—সত্য-রক্ষা,
কৃতজ্ঞতা প্রভৃতি সদ্গুণাবলী একসময়ে
বঙ্গদেশে কিরূপ স্থপ্রতিষ্ঠিত ছিল—ধর্মন মঙ্গলকাব্যের এই সমস্ত উপাধ্যান নানা-রূপ কল্পনায় অতিরঞ্জিত হইয়া কীর্ভিড

হইয়াছে। জটিল ও নিবিড় স্থবহৎ কল্পনা হইতে ইতস্ততঃ প্রতিফলিত সত্তার কিরণরেখা আমাদিগকে একটি প্রকৃত ঐতিহাসিক জগতের সন্ধান দিতেছে। বাজদারে মিথ্যা কথা না বলিলে মুত্যুর আশক্ষা-মিথ্যা বলিলে প্রচুর ঐশ্বর্য্য করায়ত হইবে, এই সমস্থার ইতি-কর্ত্তব্যতা নির্দ্ধারণ করিতে হইলে আজ কাল-কয়জন বাঙ্গালী হরিহর বাইতির মত ছশ্চিন্তায় নিপীড়িত হইবেন ! স্বামীর নৈতিক অধঃপতনে বিমলা যেরূপ মর্ম্ম-ব্যথা পাইয়া সহধ্মিণী নামের সার্থকতা করিয়াছিল-আজ বঙ্গের কতজন গৃহ-লক্ষ্মী মিথ্যাচরণের বিরুদ্ধে স্বামীকে দেই ভাবে উদ্বোধিত করিতে পারেন ? ধর্ম-মঙ্গল কাব্য, নানা অতিরঞ্জিত ও কাল্প-**সাজ্যজ্ঞার অভ্যন্তর হইতে,** নিক ্যে সামাজিক চিত্র উল্যাটন করিয়া

দেখাইতেছে, তাহা আমাদিগের অতীত গৌরবের কথা শৃতিপথে উদ্দীপিত করে। যে সমস্ত মহৎ গ্রণের উপর প্রতিষ্ঠিত হইলে জাতীয় জীবন সমুজ্জ্বল হয়-এই সমস্ত নিবিড় কাল্লনিক উপা-খ্যানের ভিতর আমরা দেই পৌরুষদপ্ত চরিত্র-গৌরবের আভাদর্শন করি। সত্যের প্রতি বিপুল আস্থা ও মিথ্যার প্রতি অথগু ঘুণা যথন পল্লীর নিম্নশ্রেণীর কুটীরেও এরূপ স্থম্পেইভাবে অভিব্যক্ত ছিল—তখন বঙ্গদেশ প্রকৃতই স্বর্গোপ**ম** हिल।



এ দেশের প্রাচীন আদর্শ রামক্রফ্ত পরমহংস।

কভকগুলি গামগ্রী এমন আছে, যাহা হাটের জিনিষের মত বিকায় না। সাংসারিক হিসাবে তাহাদের খুব একটা দরও কল্পনা করা যায় না; সেগুলি না থাকিলে যে সংসার চলিবে না, এবং পার্থিব ঐশর্যের যোল কলার কোন কলা বাদ থাকিবে, এমন নহে; অথচ সেই সকল সামগ্রীকে মানুষ যত মূল্য দিতে পারে, প্রয়োজনীয় কোন বস্তুকে তাহার শতাংশ দিতেও প্রস্তুত নহে।

হিমালয়ের মাথায় কাঞ্চনজ্জা বলিয়া একটা চূড়া আছে; ঐ চূড়াটা না থাকি-লেও হিমালয়ের প্রায় সমগ্র সম্পদ্ অক্ষর থাকিবে, পর্বতটা ওজনে বা আয়-

তনে যে নেহাৎ কমিয়া যাইবে তাহাও নহে। কাঞ্চনজ্জা সত্যসত্যই কাঞ্চন নির্ম্মিত নহে; অপর শৃঙ্গগুলিও যেরূপ পাথর, এটিও তাহাই, অপরগুলিতে বরং গাছপালা কিছ কিছ জন্মে, তাহারা দশের কাজে লাগে, কিন্তু কাঞ্চনজ্ঞা এক বারে তুর্ধিগম্য, ব্যবহারিক হিসাবে উহার কোনই মূল্য নাই, উহা একান্ত উষর ও নিপ্রাজন। কিন্তু তথাপি কাঞ্চনজ্ঞা দ্বারাই হিমালয়ের সমস্ত মাহাত্ম। কাঞ্চনজ্ঞা আজ খদিয়া পডিলে পর্বত-সমাজে হিমালয়ের মাথা একবারে হেঁট হইয়া পড়িবে। এই অনাবশ্যক বস্ল্য-টির জন্মই আভিস্, এটলাস্ প্রভৃতি পৰ্বতমহলে হিমালয় স্বীয় প্ৰাধান্ত স্থাপন করিয়াছে।

সকলেই শুনিয়াছেন, কোহিনুর মণির দাম পাঁচ জুতা, রণজিৎসিংহ এইরূপ কথা বলিয়াছিলেন। কোহিনুরটা দিয়া
সত্য সত্য কি লাভ হয় ? হাটে বাজারে
উহার কোন কাজ নাই, না থাইয়া
মরিলে কোহিনুর কাহার জহ্ম থাদ্য
কিনিয়া ঝানে না,—ব্যবহারিক জীবনে
কোহিনুর ও একটা মাটীর ডেলাতে
কোন প্রভেদ নাই, ঝাছে সৌন্দর্য্য,
তাহা কুলেরও আছে; চক্র, তারা,
জ্যোৎসা প্রভৃতি কত সামগ্রাতেই আছে,
কিন্তু কোহিনুর রাজেন্দ্রের উষ্ণীনে যাইয়া

সআটের খার যুক্ত বাঁধিয়া যায়।

সাধ্কেও কতকটা সেইরূপ অনাবশ্যক বাহুল্যের মত বোধ্ ইইতে পারে।
বুদ্ধদেব, লোকের তুঃখ দেখিয়া রাজ্যত্যাগ করিয়াছিলেন, কিন্তু জরায়ুত্যু
এখনও লোককে আক্রমণ করিয়া পূর্ববুংই নিপীড়িত করিতেছে — জীবের শত

স্থান লয় এবং উহার জন্ম সম্রাটের সঙ্গে

শত ক**উ,** আধি ও ব্যাধির থরস্রোতঃ পূর্ব্ববৎই প্রবাহিত। তিনি আসিয়া জগতের কি করিয়া গিয়াচেন গ

সাধুর কথা হাটে বিকায় না। সাধু বলিতেছেন, এক গণ্ডে চড খাইয়া আর এক গণ্ড ফিরাইয়া দাও, যে তোমার কোট চুরি করিতে আদিয়াছে, তাহাকে পাণ্ট্লানটিও দিয়া ফেল ; যে ভোমাকে বেগার খাটাইবার জন্ম এক ক্রোশ পথ লইয়া গেল, তুমি আরও তুই ক্রোশ হাঁটিয়া তাহার বেগার খাট। এ সকল কথা কি কোন হাটে বিকায় ? সভা সত্য কি প্রহারকর্তার দিকে আ্র একটি গণ্ড কেহ ফিরাইয়া দিয়াছে, সত্য সত্য কি বাটিচোরকে ডাকিয়া কেন্থ ঘটিটা পর্যান্ত ছাড়িয়া দিয়াছে, না কোন বেগার অত্যাচারীর জন্ম এক ক্রোশের স্থলে ছই কোশ হাঁটিয়া গিয়াছে ?

সাধুর উক্তি বাজারে বিকার না, উহা এত বড় কথা যে, আমাদের মাথা ডিঙ্গাইয়া চলিয়া যায়; সাধু বলিবেন, এ সংসারকে বিধবৎ ভ্যাগ কর; পুত্র কলত্র

ৃ কিছু নহে, সাধুর এমন সকল উক্তি মানিয়া কি ঘর করা চলে ?

প্রতরাং সাধু কতকটা কাঞ্চনজ্ঞা বা কোহিনুরের মত, তিনি মাথার চাপিয়া বসিতে জানেন, অওচ তাঁহাভারা কোন কাজই হয় না; তাঁহার কথা
তানলে সবদিকেই সর্বনাশ! কাঞ্চনগুলি
আতারুঁড়ে ফেলিয়া দিতে হয় এবং
আদালতের ভারসঙ্গত মামলাগুলি
ভাড়িয়া দিয়া প্রতিপ্লকে বাড়ীতে
আনিয়া ফলাহারে পরিত্থ করাইতে
হয়। সাধুর কথার সংসার অচল হইয়া
উঠে।

ভারতবর্ষের সঙ্গে অপর দেশের

একটা প্রভেদ আছে—ভারতবর্ষ কোন কথাই ছোটখাটো করিয়া বলতে পারে না : যাহা বলিবে, তাহা অসম্ভব পরিমাণে उक्क कथा; তাহা मायूरमत कूणीत छिन्ना-ইয়া চলিয়া যায়, "আত্মবৎ সর্বভূতেরু" **এখানে কাঁটপতঙ্গ** সকলেই ভূতের অন্তর্গত। অপর দকল দেশ যখন 'স্বজাতি' 'স্বদেশ' প্রভৃতি শব্দের স্বষ্টি করিয়া স্বীয় গভীকে ক্রমশঃ ক্ষুদ্র করিবার চেকীয় নিযুক্ত, এবং স্বীয় স্বার্থকে প্রবল করিয়া অপরের স্বার্থ নফ্ট করিবার চেষ্টাকে জাতীয় প্রেমের লক্ষণ লিয়া নির্দ্দেশ করিয়াছে,—ভারতবর্গ তথন জগতের হিত সার্ব্বভৌমিক প্রীতি প্রস্তৃতি ভাবের দোহাই দিয়া পর-বিদ্বেষের অগ্নি নির্বাপিত করিবার চেন্টায় নিযুক্ত ছিল, ভারতবর্ষের প্রত্যেক বালক মুখস্থ করিয়া থাকে ''আত্মবৎ দৰ্বভূতেমু" ''দৰ্বব্ৰা- . ভাগতো গুরুঃ" সে **অভ্যাগত কে,** তাহার পরিচয় **লইবার প্রতীক্ষা করিতে** গৃহস্থ অধিকারী নহে।

এত বড় কথাগুলি যে, ভারতবর্বে বিফল হইয়াছে—তাহা নিতাস্ত স্থুলদর্শি-গণই কহিবেন। এই কথাগুলির ভাব ভারতবর্বের অন্থিমজ্ঞার ভিত্তর আছে, যদি তাহা না হইবে, ভবে যভ বড় উচ্চ কথাই হউক না কেন, তাহা অনুষ্ঠান করিবার যোগ্য ব্যক্তি এখনও এদেশে জন্মগ্রহণ করেন কেন ?

রামর্ক্রঞ্চ পরমহংদ যে ভাবে জ্ঞীবন
যাপন করিয়াছেন, তাহাতে দৃষ্ট হইবে,
জগতের সার্ক্রভোমিক তত্ত্ব এখনও
হিন্দুর করায়ত । উহা শুধু ভূজ্জপত্রের
পুঁথিতে আবদ্ধ স্লোকমালা নহে, উহা
এখনও হিন্দুর জীবনে অনুষ্ঠিত হইয়।
.থাকে । ভারতবর্ষের প্রতি লক্ষ্য করিলে

मुखे इहेर्त, এখনও বহুসংখ্যক লোক পিপীলিকাকে মিষ্টদ্রব্য দান করিয়া "আতা-বৎ দর্বভূতেরু" শ্লোকের মর্ম্ম জীবনে অমুষ্ঠান করিবার চেন্টা করিয়া থাকে. এখনও ভারতবর্ষের বহুসংখ্যক লোক নিরামিষ ভোজন করেন এবং যাঁহারা আমিষ ভক্ষণ করেন, তাঁহারাও নিরা-মিয়াশীকে শ্রেদ্ধা ও ভক্তির চক্ষে দেখেন. — উন্মত্ত বা বুদ্ধিহীন মনে করেন না। এখনও ভগবানের নাম লইয়া আহ্বান করিলে ভারতবর্ষের দুর দীমান্ত হইতে সাড়া পাওয়া যায়, এখনও কুম্ভামলার দৃশ্য দেখিলে মনে হয় না যে, ভারত-বর্ষে ধর্ম্মের লোপ হইয়াছে।

দারিদ্র্য ভারতবর্ষের সর্ববপ্রধান বিপদ্ নহে। দরিদ্র ভারতবর্ষ সহস্র সহস্র বৎসর টিকিয়া আছে, কিস্তু ধর্মহীন ভারতবর্ষ একদিনও টিকিবে না। যে

দেশের ঈগর ভম্মে পরিত্প্ত,-শাশান-বাদী এবং ভিকা করিয়া জীবিকানির্ব্বাহ করেন, দে দেশ দারিদ্রাকে ভয় করে না, বরং অনেক সময় উহাকে পরম সম্পদ ্বলিয়া ,পূজা করিয়া থাকে। এ দেশ ক্ষমতাশালী রাজা বা ধনকুবেরগণের পুজক নহে, এ দেশ নগ্নদেহ উপবাদশীৰ্ণ ভিক্ষর প্রজক। অপর দেশের সঙ্গে ভারতবর্ষের এই স্থানে প্রভেদ, অপর দেশ পার্থিব সম্পদকেই পরম সম্পদ জ্ঞান করিয়া থাকে, কিন্তু ভারতবর্ষের রাজ-পুত্রগণ ঐহিক সম্পদ্কে তৃণতুল্য জ্ঞান করিয়া ত্যাগী হইয়া পূজা হইয়াছেন। যতদিন ভারতবর্ষে এই আদর্শ বজায় থাকিরে, ততদিন ভারতবর্ষের ধ্বংস নাই। আমরা পাথিব ঐশ্বর্যা কিংবা প্রতিদ্বন্ধিতায় জয়লাভকেই যদি চরম . উন্নতি মনে করিয়া থাকি, তবে আমাদের

স্নাত্তন আদৃশ হইতে অনেকটা নীচে নামিয়া দাঁডাইতে হইবে। প্রতিবাদী ও একান্ত নিকটস্থ বলিয়া রামকুঞ্চেক আমাদের উপেক্ষা করা চলে না. ভারত-বর্ষের প্রকৃত সম্পদ যে নন্ট হয় নাই. তাহা তিনি দেখাইয়া গিয়াছেন। জাপান যাহা দেখাইয়াছে, জর্মণী হয় ত তাহা দেখাইতে পারে: কিন্ত এক স্থানে শুধ বসিয়া থাকিয়া সেই স্থানকে ভীর্থেণ্পরি-ণত করিতে পারেন, এরূপ নিশ্চেই গুণবান্ পুরুষের দৃষ্টান্ত পৃথিবীর অন্য কোন স্থানে স্থলভ নহে।

রাষ্ট্রনীভিকে আমরা যে এাধান্য দিতে চাহি, আমাদের অস্থিমজ্জা উহার দে প্রাধান্য স্মীকার করেনা; অল্লফিত-ভাবেধর্ম্মনীভিই আমাদিগকে শাসন করি-তেছে। যাহা সাধনার ধন ও হৃদয়কে প্রকৃত মহাগুণে বিস্তৃষিত করিতে পারে,

হুল্য দেশের হাটে এরূপ তত্ত্বকথার বেচা-কেনা নাই, এদেশের লোক সেই জিনিষ পাইলে সোণারপার দর ক্ষিতে অপেক্ষা করিবে না. গুরু পাইলে সর্বস্ব তাঁহার থাদপলে•বিকাইয়া ছায়ার ন্যায় তাঁহার অন্ত্ৰতী হইবে। এইজন্ম বিনা আহ্বানে বিনা নিমন্ত্রণে দক্ষিণেশ্বরের মন্দিরে শত শত যাত্ৰী যাইতেছে। একজন অশিক্ষিত, অভি-দরিদ্র, অন্নহীন, বস্ত্রহীন, নগ্লাকার আক্ষাণ দক্ষিণেশ্বরের মন্দির-প্রান্তে নির্জ্জনে কি চিন্তা করিয়াছিলেন. তাহাই 'বলিতে যাইয়া ভক্তগণ পাশ্চাত্যজগতে আন্দোলন উপস্থিত করিয়াছেন। তিনি কাহাকেও মাহ্বান করেন, নাই, অধচ তাঁহার পাদ-পদ্মপ্রভায় প্রাণ বিকাইতে শত শত লোক নানা দুরদেশ হইতে কেন . আদিল ? কত বিজ্ঞাপন, কত আবেদ্ন-

নিবেদনে যে অর্থ সংগৃহীত হয় না, সেই নগদেহ কেপা আক্ষণের মঠের জভ্য সেই বিপুল অর্থ কে কোথা হইতে ছড়াই-তেছে ? ইহার একমাত্র কারণ, ভারত-বর্ব যাহা চায়, তাহা তিনি দিয়াছেন।

ব্রাহ্মণ যে এখনও এ দেশে আছেন, রামকৃষ্ণই তাহার প্রমাণ, উপনিষদের ঋষিগণের সঙ্গে সর্ব্বাংশে ইনি এক পংক্তিতে একাসনে বসিবার যোগ্যা।

বাবর তাঁহার আত্মজীবনচরিতে বলিয়।
গিয়াছেন, "এ দেশের উপর থোদাতালার
এমন কুপা যে, গাছের উপর ইই টুক্রা
রুটী ও একটু জল রাখিয়া স্মাছেন,
(নারিকেল বুক দেখিয়া বাবর এই মন্তব্য
প্রকাশ করিয়াছেন, তাহা বলা বোধ
হয় নিস্প্রয়োজন।) কিন্তু এদেশের লোকগুলি এরূপ বর্বর যে, তাহার। প্রায়
নম্নেছ।" শত শত বৎসর পূর্বে

বাবর যাহা বলিয়াছিলেন, এখনও ভূপর্যটকগণ ভারতবর্ষ দেখিয়া সময়ে সময়ে দেই কথা শুনাইয়া যান। কিন্তু দারিদ্র্য লইয়া আমরা চিরকালই গৌরব করিয়া শাদিয়াছি, ইহাই আমাদের বিশেষত্ব, -- ইহা যদি ব্রহ্মজ্ঞানভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়, তজ্জন্য আমাদের মাথা হেঁট হইবার কোন কারণ নাই। সাধারণ গৃহস্থের পক্ষে উচ্চ ধর্মাতত্ত্ব মিথ্যা, এই বলিয়া যাঁহারা রাজসিক ধর্মকে অবলম্বন করিতে পরামর্শ দেন. তাঁহাদের নিকট এই বক্তব্য যে, দান্ত্রিক ধর্মের দন্ধান যাঁহারা পাইয়াছেন, ভাঁহারা রাজসিক ধর্মকে প্রাধান্য দিতে পারিবেন কেন ? যেটা বড় উজ্জ্বল, তাহা সকলের চক্ষে সহা হউক না হউক, ভারতবর্ষ সেই আলোকেই অভ্যস্ত। দরিদ্রের • কুটীরে অল্ল আলোই যথেষ্ট, তথাপি

সমস্ত সৌরকরদীপ্তি খডের চালের প্রতিটি তণ উদ্ধাষিত করিতে চায় কেন গ ক্ষদ্র তারকার আলোই একটি কীটের পক্ষে যথেষ্ট, তথাপি পুর্ণচক্তের সমস্ত জ্যোৎস্না-বৈভব তাহার, ক্ষুদ্র দেহ স্পূর্শ করে কেন গ সার্বভৌমিক তত্ত্ব ভারতবর্ষ পাইয়াছে, তাহা হইতে অতি হীন ব্যক্তিকেও বঞ্চিত করা পাপ। ভারতবর্ষের দৃষ্টি আঁতুর ঘরে নহে,— উহা শাশানে, চিতার অগ্নিতে। জন্ম অপেকা মৃত্যুকেই এদেশ বেশী চিনি-য়াছে: অপরের নিকট ঐর্হিক ঔশ্ব্য ধ্রুব সত্য, ভারতবাদীর নিক্ট সেই ঐশ্র্যা কাণভঙ্গুরে. এই ভত্তই প্রেবে সভা। এই অবস্থায় সার্ব্বভৌমিক তত্ত্বগ্রহণ করা তাহার পক্ষে দহজ, উহা কথনই অনায়ত্ত বলিয়া সে অগ্রাহ্য করিতে পারে না। ভারতবর্ষের বর্ত্তমানকালের শ্রেষ্ঠ

গৌরব আমরা এদেশের সনাতন শিক্ষার ফলেই পাইয়াছি। রামক্ষ কোন দিন ইংরাজী স্কুলে পড়েন নাই। এখনও যে শত শত নরনারী নানাবিধ কইট সৃষ্ঠ করিয়া দুরদূরান্তর হইতে দক্ষিণেশ্বরে সমাগত হয়—তাহারা কি রাজনিক ধর্ম ভাল বুঝে না সান্ত্ৰিক ধর্ম ভাল বুঝে ? পল্লীতে পল্লীতে যে বাউলদংগীত, রাম-প্রদাদের গান, কৃষ্ণলীলার অভিনয় সর্বাদা হইয়। আসিতেছে, কুষকের। লাঙ্গলের উপর ভর দিয়া যাহা শুনিতে শুনিতে মাতিয়া যাইতেছে, সেই সকল ব্যাপারের প্রধান লক্ষ্য কি সাত্তিক ধর্ম্ম নহে ? আমাদের ঘরে ঘরে উপবাদশীর্ণা, দেবতার প্রতি অচলভক্তিসম্পন্না নিষ্ঠা-বতী অন্নপূর্ণারা যে ত্যাগম্বীকার করিতে-ছেন, তাহা কি সান্ত্রিকরন্তির অমুপ্রাণনায় নহে ? পাশ্চাত্য আদর্শ ভারতবর্ষে খুঁজিলে নিরাশ হইতে হইবে, তাহাদের আদবাব্ এদেশে কিছুই নাই, কিন্তু এদেশের প্রকৃত বল যেথানে, সেথানে, খুঁজিয়া দেখ, উপকরণ যথেষ্ট আছে— এখনও সেই সকল উপকরণে রামক্ষেত্র মত মহাত্মার আবিভাব হওয়া অসম্ভবনহে।

যুবকের সঙ্গে বৃদ্ধ যদি মল্লবিদ্যায় মনোযোগী হয়, তবে সে উপহাহাস্পদ হইবে, সন্দেহ নাই। এ জগতে বৃদ্ধের একটা স্থান আছে, তাহা যুবকের পদ অপেক্ষা কোন অংশে হীন নহে। গুরুর পদে আসীন বৃদ্ধ শুরুরকেশমন্তিক ইইয়া সকলের প্রশম্য হন। আমাদের জাতীয় জীবনে সেই বার্দ্ধকোটিত পূজনীয় পদ গ্রহণ করিবার স্থাগে আছে, তাহা প্রত্যাধান করা সঙ্গত নহে।

পরবর্তী অংশে পরমহংস দেবের জীবনী সম্বন্ধে

১৮৩১ খৃষ্টাব্দে ছুগলী জেলার কামারপুকুর প্রামে রামকৃষ্ণ জন্মগ্রহণ করেন। তাঁহার পিতার নাম ক্ষুদিরাম চট্টোপাধ্যায়। তিনি অতি তেজস্বী ও নিষ্ঠাবান্ • ব্রাহ্মণ ছিলেন। ক্ষুদিরাম রামোপাদক ছিলেন এবং পদব্রজে ভারতবর্ষীয় অনেক তীর্থ পর্যাটন করিয়াছিলেন।

রামক্ষণকে শিশুকালে সকলে গদাধর বা গদাই বলিয়া ডাকিত। তিনি:
বাল্যকালে যাত্রাগান, কথকতা প্রভৃতি
ভানতে ভালবাদিতেন এবং দেই অকুকরণে দঙ্গী লইয়া খেলা করিতেন।
ঐ গ্রামের জমিদারদের একটি অভিথিশালা ছিল, দেই অতিথিশালায় দর্ব্বদাই

যে সমস্ত তত্ত্ব সক্ষণিত হইয়াছে, তজ্জ্ব আমি আমার স্নেহাস্পদ আত্মীয় শ্রীমান্ কুমুদ বন্ধু সেনের নিকট প্রশী।

সাধ্যম্পাদীরা আদিতেন। কথিত আছে, রামকুষ্ণের মাতা একদিন তাঁহাকে এক থানি নৃতন বস্ত্র পরাইয়া দিয়াছিলেন, রামক্রফ অতিথিশালা হইতে ফিরিয়া আদিয়া মাকে ডাকিয়া বলিলেন, "মা, দেখ আমি কেমন সাধু হইয়াছি।" তাঁহার মা দেখিলেন, রামকুষ্ণ নৃতন কাপড়খানি টুকুরা টুকুরা করিয়া ছিঁড়িয়া সাধু সাজিয়াছেন। প্রবাদ আছে যে. রামক্লফের যথন সাত বৎসর বয়স, তখন আমের লাহা বাবদের বাড়ীতে আদ্বোপ-লক্ষে নানা দিগ দেশ হইতে পণ্ডিত ভলী সমবেত হইয়াছিলেন; তাঁহান, রাম-ক্লফের মেধা ও বৃদ্ধিপ্রাথর্য্য দেখিয়া চমৎক্লত হইয়াছিলেন।

শৈশবেই রামকৃষ্ণের পিতার মৃত্যু হয়। তাঁহার অবস্থা বিশেষ সচ্ছল ছিল না। রামকৃষ্ণের জ্যেষ্ঠভাতা রামকৃষার কলিকাতায় ঝামাপুকুরে টোল করিয়া জীবিকানির্বাছ করিতেন।

রামকৃষ্ণ পড়াশুনায় অমনোযোগী ছিলেন; একদিন তাঁহার জ্যেষ্ঠভাতা কারণ ক্রিজ্ঞাসা করাতে বলিয়াছিলেন, "যে বিদ্যায় চালকলা লাভ হয়, তাহা শিখিয়া কি হইবে ?" তিনি নিজে বলিয়া গিয়াছেন যে, যখন তাঁহার একাদশ বৎ-সর বয়স, তিনি তখন মাঠের উপর দিয়া যাইতেছিলেন, নীল আকাশে নীলমেঘ ভাদিয়া যাইতেছিল, তাহা দেখিয়া তাঁহার বাহ্নসংজ্ঞা লুপ্ত হয় এবং দেই দিন হইতেই তিনি "মায়ের" আবির্ভাব দেখিতেন। তাঁহার জ্যেষ্ঠভাতা রাম-কুমার্ তাঁহাকে ঝামাপুকুরে লইয়া আদেন, রামকৃষ্ণ স্থকণ্ঠ ও শ্রুতিধর ছিলেন, তিনি টোলের একপ্রান্তে বদিয়া · নিশিদিন হরিনাম-গুণগান ও **খ্যা**মা-

সঙ্গীতে আত্মহারা হইয়া থাকিতেন! কিছদিন পরে জানবাজারের রাণী রাস-দক্ষিণেশ্বরের গঙ্গাতীরে মন্দির-প্রতিষ্ঠার সংক্র করেন। কিন্তু কোন পণ্ডিতই কৈবৰ্ত্ত বলিয়া তোঁহাকে মন্দিরু প্রতিষ্ঠার ব্যবস্থা প্রদানে স্বীকৃত হন না। শেষে রামকুমারের নিকট ব্যবস্থা লইতে আসিলে তিনি বলেন যে, ঐ মন্দির কোন আক্ষণ দারা উৎদর্গ করা হইলে. তৎপ্রতিষ্ঠায় কোন বাধা নাই। রাণী রাসমণি সেইরূপ ব্যবস্থানুযায়ী গুরুকে দিয়া মন্দির উৎসর্গ করেন, কিন্তু কোন ম্বব্রাহ্মণ কৈবর্তের ঠাকুরবাড়ীতে পুজরী হইতে চাহেন্না। রাণী রাসমণি পুন-রায় রামকুমারের নিকট লোক পাঠাইয়া দেন এবং তাঁহাকে ইহার ব্যবস্থা করি-বার জন্ম অন্মুরোধ করেন। রামকুমার দেখিলেন, তাঁহার কথায় মন্দির প্রতি-

ষ্ঠিত করিয়া বিগ্রহের পূজা হইতেছে না, —স্থতরাং তিনি স্বয়ং পৌরোহিত্যের ভার গ্রহণ করেন। রামকৃষ্ণ ভ্রাতার .এই ব্যবহারে ত্রঃথিত হইয়াছিলেন এবং বিষয় হট্যা বলিয়াছিলেন, "যে বংশের কেহ ব্রাহ্মণ ভিন্ন অপর কোন জাতির দান গ্রহণ করেন নাই, তুমি সেই বংশে জিমায়া কৈবর্ত্তের পূজরীর চাকরি লাই-য়াছ.1" অৰ্থলোভে ভ্ৰাতা এই কাৰ্য্য করিয়াছেন, এই আশঙ্কায় রামকৃষ্ণ উক্তরূপ বলিয়াছিলেন, কিন্তু ভ্রাতা তাঁহাকে বুঝাইয়া দিলেন, শাস্তাত্মারে কৈবর্জের মন্দির-প্রতিষ্ঠায় কোন দোষ নাই। তিনি তাহা বুঝিয়া ব্যবস্থা দিয়াছিলেন, তাঁহার ব্যবস্থানুসারে মন্দির স্থাপন করিয়া রাসমণি বিপন্ন হইয়াছেন. এখন তাঁহার সরিয়া পড়া অন্থায় ! অপর · কেছ পুরোহিত হইবেন, ইহাই তাঁহার

বিশ্বাস ছিল—স্থতরাং এ সম্বন্ধে তাঁহার কোনরূপ অর্থলোভ ছিল না—এবং এখন বিপন্না রাণীকে তিনি ধর্ম্মকার্য্যে ব্রতী করাইয়া পরিত্যাগ করিতে পারেন না, এই দম্বন্ধে রামকুমার অনেক শাস্ত্রের প্রমাণ প্রভৃতি দেখাইয়া দেন। ব্রাক্ষণের এরূপ কার্য্যে শাস্ত্রের কোন নিষেধ নাই। রামকৃষ্ণ এই উত্তরে প্রাত হন এবং এই সময় হইতে সর্বদা দক্ষিণেশ্বরে পাকি-তেন। একদিন তিনি আপনার মনে মহাদেবের মূর্ত্তি গড়িয়াছিলেন, উহা দেখিয়া রাণী রাসমণির জামাতা মথুরবার আকৃষ্ট হন, তিনি রামকৃষ্ণকে লেখিয়া চমৎকৃত হন। পরে রামকুমারের শরীর অস্তুস্থ হইলে, মথুরবাবু নানা গুলুনয় বিনয় করিয়া রামকুষ্ণকে শ্রামাপজা-কার্য্যে ব্রতী করেন। রামকুষ্ণ বলেন যে, তিনি নিরক্ষর, পূজার নিয়মাদি

কিছুই জানেন না। মথুরবাবু তাঁহাকে তবুও পূজা করিতে নিযুক্ত করেন। রামকুষ্ণ বৈধ পূজার কোন ধার ধারিতেন না,—ভাঁহার মনে যাহা ইচ্ছা হইত, দেইরূপ, করিতেন। আরতি করিতে করিতে কথনও তিনি বাছজানশুভ হইয়া পড়িতেন এবং 'মা' 'মা' বলিয়া কাঁদিয়া অশ্রুজলে ভাসিয়া যাইতেন। কোন দিন ৰা আর্তির সময় পঞ্চপ্রদীপ লইয়া দেবীকে বরণ করিতে ছাই তিন ঘণ্টা কাটিয়া ঘাইত, বাদ্যকরের হত্তে ব্যথা হইত, কাঁদর বাজাইতে বাজাইতে লোকটা পরিশ্রান্ত হইয়া অবাগ্ভাবে পুরোহিতের কাণ্ড লক্ষ্য করিত। যিনি জীবনু দিয়া জগমাতার আরতি করিয়া-ছিলেন, দামাত্য বাদ্যকর ভাঁহার দঙ্গে তাল রাখিতে পারিবে কেন? ছুই , চারি দিন পরে রামকৃষ্ণ মথুরবাবুকে

বলেন যে, তিনি আর পূজা করিতে পারেন না। তিনি এই সময় সর্কাদাই অচেতন অবস্থায় থাকিতেন। কথন কখন গঙ্গাতীরে বালুতে মুখ গুঁজড়াইয়া "মা" "মা" বলিয়া কাঁদিতেন ৷ কখন কখন কাতর হইয়া কাঁদিয়া বলিতেন. "মা. আমার অহং জ্ঞান নাশ কর। দে মা. আমায় দীনের দীন হীনের হীন ক'রে দে মা। মা, আমি অফটিদিদ্ধি চাই না, লোক-মান্ত হইতে চাই না, আমায় দেখা দে মা।" কখনও বা তর্পণ করিবার জন্ম হাতে জল লইবামাত্র তাঁহার শ্রীর এলাইয়া পড়িত। তিনি জাবুরল চক্ষজনে ভাসিয়া থর থর কাঁপিতে থাকিতেন এবং শিশুর ন্যায় 'মা' 'মা' বলিয়া আকুল হইয়া ডাকিতেন। দিন রাত এইভাবে অনাহারে অনিদ্রায় কাটিয়া যাইত। রামকৃষ্ণ যে সময় কঠোর শাধনে প্রবৃত্ত হন, তোতাপুরী নামক জনৈক সন্ম্যাসীর নিকট তিনি সেই সময় সন্ম্যানধর্মে দীক্ষিত হন। তোতাপুরী বৈদান্তিক যোগী ছিলেন। রামকৃষ্ণ যোগাসরে আসান হইয়া এরূপ গভীর সমাধিতে নিমগ্ল হন যে, ছয় মাদ কাল তাঁহার বিন্দুমাত্র বাহ্যসংজ্ঞা ছিল না। একজন সাধু দণ্ড দারা প্রহার করিয়া একট চেতনাসঞ্চার করিতে পারিলেই মুখে তুধ এবং অপর কোন ভক্ষ্যদ্রব্য ঢালিয়া দিতেন। ইহাতেই তাঁহার শ্রীর কোনরূপে রক্ষা পাইয়া-ছিল।

রামকৃষ্ণ জগতের সমস্ত ধর্মমত
গাধনা করিয়াছিলেন। এমন কি, তিনি
মুসলমান ধর্মমতেও সাধনা করিয়াছিলেন। বেগজমতে কোন সাধনা
করিয়াছিলেন কিনা, তাহা কেহ বলিতে

পারেন না, কিন্তু প্রস্তরনির্মিত বৃদ্ধমূর্ত্তি তাঁহার ঘরে দেখা যাইত। যিশুর ধ্যানেও তিনি তিন দিন নিমম ছিলেন। এইভাবে জগতের সমস্ত ধর্মমত সাধন করিয়া তিনি প্রচার করেন, "জগতের সকলধর্মই সত্য, সকলেরই লক্ষ্য এক।"

করিয়া তিনি প্রচার করেন, "জগতের সকল ধর্মই সত্য, সকলেরই লক্ষ্য এক ।" পরমহংদদেবের জীবনের পরবর্ত্তী অধ্যায় অনেকেই অবগত আছেন, কেশব চন্দ্র, প্রতাপ মজুমদার প্রভৃতি ব্যক্তিগণ তাঁহাকে দেখিয়া বিশ্বিত হইয়া পড়েন। কেশবচন্দ্র লিখিয়াছিলেন, "চৈতন্স, যিশু প্রভৃতির নামমাত্র জানা আছে, কিন্তু তিনি তাঁহাদের তুল্যই এক মহাপুঞ্ধের সা**ক্ষা**ৎলাভে কৃতকৃতার্থ হইয়াছেন।" প্রতাপবার নব্যশিক্ষার অভিযানে নগ্ন-সাধুকে প্রথমতঃ উপেক্ষা করিয়া *শে*ষে কি প্রকারে তাঁহাকে জগৎপূজ্য ভগবদ্ভক্ত বলিয়া প্রণাম করিয়াছিলেন, ভাঁহার,

